BCS PIONEER

BCS PIONEER অ্যাপ - আপনার প্রস্তুতির সেরা সঙ্গী

বিষয়/টপিক: পিএসসি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারা অধিদপ্তর (পদের নামঃ সিনিয়র স্টাফ নার্স) (

পরীক্ষার তারিখ: ঃ ২৮.০৪.২০২৫ ইং)

মোট প্রশ্ন: 100 টি

---

1. "মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে" বাক্যটিকে নেতিবাচক বাক্যে রূপান্তর করলে যা হয়।

(ক) মিথ্যাবাদীকে সবাই পছন্দ করে

(খ) মিথ্যাবাদীকে সবাই পছন্দ করে না।

(গ) মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না।

(ঘ) মিথ্যাবাদীকে কেউ অপছন্দ করে না।

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔹 'না' সূচক বাক্যে না, নয়, নহে, নি, নেই, নাহি, নাই ইত্যাদি নঞর্থক অব্যয় ব্যবহার করতে হবে।

🔸 'না' বাচক ক্রিয়া ও 'না' বাচক অব্যয় মিলে বাক্যে দু'বার ব্যবহার করে অস্তিবাচক বা 'হ্যাঁ' সূচক ভাব বজায় রাখতে হবে।

2. "পাবক" এর প্রতিশব্দ কোনটি?

(ক) আগুন (খ) লবণ

(গ) জল (ঘ) সমুদ্র

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
🔸 'পাবক' এর সমার্থক শব্দঃ আগুন, অনল, অগ্নি, হুতাশন, বৈশ্বানর, বহ্নি, দহন, সর্বভুক, কৃশানু, শিখা, হোমাগ্নি, সর্বশুচি, বিভাবসু।

🔹 উল্লেখ্য,

'জল' শব্দের সমার্থক শব্দগুলো হলোঃ	নীর, জীবন, অম্বু, পানি, সলিল, পয়ঃ, অম্ভঃ, অর্ণঃ, বারি, অপ, উদক, তোয়।
'সমুদ্র' শব্দের সমার্থক শব্দগুলো হলোঃ	পাথার, পয়োধি, উদধি, জলধি, জলনিধি, পারাবার, বারিধি, রত্নাকর, সাগর, বারীশ, অম্বুধি, সিন্ধু, দীর্ঘিকা

3. কোন শব্দযুগল সমার্থক নয়?

(ক) অমৃত-গরল (খ) জটিল-কঠিন

(গ) বিপুল-বিশাল (ঘ) দিকে-দিকে

সঠিক উত্তর: a

4. 'অপেক্ষা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

(ক) অপ + ঈক্ষা (খ) অপ + ইক্ষা

(গ) অপ + এক্ষা (ঘ) অপো + ঈক্ষা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: 🔹 'অ/আ + ই/ঈ = এ' হয়।
🔸 যেমনঃ স্বেচ্ছা = স্ব + ইচ্ছা; যথেষ্ট = যথা + ইষ্ট; অপেক্ষা = অপ + ঈক্ষা; শুভেচ্ছা = শুভ + ইচ্ছা; ঢাকেশ্বরী = ঢাকা + ঈশ্বরী।

5. 'লেফাফা দুরস্ত' বাগধারাটির অর্থ কী?

(ক) পরিশিষ্ট (খ) পরীবীক্ষণ

(গ) পরিপাটি (ঘ) পরিতাপ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 লেফাফা দুরস্ত (বাইরে পরিপাটি)ঃ সিয়ামের লেফাফা দুরস্ত অবস্থা দেখে মেয়েটি রাজী হয়েছে, এখন সে কি দুরবস্থা!

6. 'উৎকর্ষ' শব্দের বিপরীত শব্দ কোনটি?

(ক) নিম্ন কর্ষ (খ) উৎসর্গ

(গ) অপসর্গ (ঘ) অপকর্ষ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: 🔸 'উৎকর্ষ' শব্দের বিপরীত শব্দ হলোঃ'অপকর্ষ'।

মূল শব্দ	বিপরীতার্থক শব্দ
অনশন	অশন
অন্তর	বাহির
অন্তরঙ্গ	বহিরঙ্গ

BCS PIONEER

অন্ধ	চক্ষুষ্মাণ
অধিক	অল্প
অধিত্যকা	উপত্যকা
অর্থতত্ত্ব	প্রত্যর্থী

7. 'রাশি রাশি' কোন অর্থে?

(ক) আধিক্য অর্থে (খ) তীব্রতা অর্থে
(গ) সামান্য অর্থে (ঘ) ধারাবাহিক অর্থে

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: 🔹 বিশেষ্য শব্দযুগলের বিশেষণরূপে ব্যবহারঃ
🔹 আধিক্য বোঝাতেঃ রাশি রাশি ধন, ধামা ধামা ধান।
🔹 বিশেষণ শব্দযুগলের বিশেষণরূপে ব্যবহারঃ
🔹 আধিক্য বোঝাতেঃ ভালো ভালো আম নিয়ে এসো। ছোট ছোট ডাল কেটে ফেল।

8. 'উৎপল' শব্দের অর্থ কী?

(ক) উপর (খ) পাশে
(গ) মধ্য (ঘ) অম্বুজ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
🔹 'উৎপল' শব্দের অর্থ হলোঃ পদ্ম, অম্বুজ, অরবিন্দ, শতদল, কমল, কুমুদ।

9. কোন বানানটি শুদ্ধ?

(ক) সূচীপত্র (খ) সূচিপত্র
(গ) সুচীপত্র (ঘ) সুচিপত্র

সঠিক উত্তর: b

10. কোনটি 'কোলন' এর চিহ্ন?

(ক) : (খ) ;
(গ) :- (ঘ) !

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
🔹 কোলন (:) একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোলন ব্যবহৃত হয়।

🔹 যেমনঃ সভায় সাব্যস্ত হলো: একমাস পরে নতুন সভাপতির নির্বাচন অনুষ্ঠিত হবে।

🔹 কমা (,) অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে সেমিকোলন (;) বসে।

🔹 সেমিকোলন (;) কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে, সেমিকোলন বসে।

11. "দুঃখবাদী কবি" হিসাবে কাকে বলা হয়?

(ক) ভরতচন্দ্র রায়গুণাকর (খ) মুকুন্দরাম চক্রবর্তী
(গ) কায়কোবাদ (ঘ) যতিন্দ্রনাথ সেন গুপ্তকে

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: 🔹 দুঃখবাদী কবি বলা যতিন্দ্রনাথ সেন গুপ্তকে।

12. যুক্ত বর্ণের কোন রূপটি শুদ্ধ?

(ক) ষ + ঞ = ষ্ণ (খ) ম্ + ণ = ষ্ণ
(গ) ঞ + জ = ষ্ণ (ঘ) ম+ৎ= ক্ষ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔹 কিছু গুরুত্বপূর্ণ যুক্ত বর্ণঃ ষ্ণ = ম্ + ণ; ঞ্জ = ঞ + ছঃ জ্ঞ = জ+ঞ; হ্ন = হ + ণ; ক্ষ্ম = ক্++ ম'; ক্ষ = ক্+ষ।

13. 'আরেক ফাল্গুন' কে লিখেছেন?

(ক) শহীদুল্লাহ কায়সার (খ) জহির রায়হান
(গ) শহীদুল জহির (ঘ) কাজী জহির

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔹 বাঙালি জাতীয়তাবাদী আন্দোলন ও ১৯৫৫ সালের ২১শে ফেব্রুয়ারি পালনের অভিজ্ঞতায় জহির রায়হান 'আরেক ফাল্গুন' (১৯৬৮) উপন্যাস রচনা করেন। এই উপন্যাসে বাঙালির জাতীয় ঐতিহাসিক ঘটনাকে করা হয়েছে।

14. 'Jail code' এর বাংলা পরিভাষা কোনটি?

(ক) কারাদন্ড (খ) কারাভোগ
(গ) কারাভাতা (ঘ) কারাবিধি

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
🔹 'Jail code' এর বাংলা পরিভাষা হলো 'কারাবিধি' আর Imprisonment এর বাংলা পরিভাষা হলো 'কারাদন্ড'।

BCS PIONEER

15. কোনটি কাব্য গ্রন্থ?

(ক) শেষের কবিতা
(খ) সাতটি তারার তিমির
(গ) দিবারাত্রির কাব্য
(ঘ) সেই সময়

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
- 'সাতটি তারার তিমির' জীবনানন্দ দাশের একটি বিখ্যাত কাব্যগ্রন্থ।
- 'শেষের কবিতা' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস।
- 'দিবারাত্রির কাব্য' মানিক বন্দোপাধ্যায় রচিত একটি বিখ্যাত উপন্যাস।
- 'সেই সময়' সুনীল গঙ্গোপাধ্যায় রচিত একটি বিখ্যাত উপন্যাস।

16. 'জানালা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

(ক) হিন্দি
(খ) ফারসি
(গ) তুর্কি
(ঘ) পর্তুগিজ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
- পর্তুগিজ শব্দগুলো হলোঃ *জানালা, আনারস, আলকাতরা, কেরানী, পেয়ারা, আলপিন, আলমারি, গীর্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, পেঁপে, টুপি, আনারস, বোমা, পিস্তল, গুদাম, আয়া, চাবি, ফিতা, মিস্ত্রি, তামাক, বালতি।*

17. মানবদেহের সর্ববৃহৎ অঙ্গ কোনটি?

(ক) স্নায়ু
(খ) ত্বক
(গ) যকৃত
(ঘ) কিডনি

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
- মানবদেহের মোট ৭৯টি অঙ্গের মধ্যে সর্ব বৃহৎ অঙ্গ মানুষের ত্বক, সর্ব বৃহৎ গ্রন্থি যকৃত আর ক্ষুদ্রতম গ্রন্থি হলো পিটুইটারি।

18. বহুমূত্র রোগ কোন হরমোনের অভাবে হয়?

(ক) গ্লুকোজেন
(খ) থাইরয়েড
(গ) ইস্ট্রোজেন
(ঘ) ইনসুলিন

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
- ডায়াবেটিস বা বহুমূত্র রোগ অথবা ডায়াবেটিস মেলিটাস (ইংরেজিতে Diabetes mellitus) একটি হরমোন সংশ্লিষ্ট রোগ। দেহে অগ্ন্যাশয় যদি যথেষ্ট ইনসুলিন তৈরি করতে না পারে অথবা শরীর যদি উৎপন্ন ইনসুলিন ব্যবহারে ব্যর্থ হয়, তাহলে যে রোগ হয় তা হলো 'ডায়াবেটিস' বা 'বহুমূত্র রোগ'। তখন রক্তে চিনি বা শর্করার অতিরিক্ত উপস্থিতির কারণে কিছু অসামঞ্জস্যতা দেখা দেয় যেমন- ঘন ঘন প্রস্রাব হওয়া, বার বার ক্ষুধা পাওয়া, অতিরিক্ত পিপাসা ইত্যাদি।

- ইনসুলিনের ঘাটতিই হলো এ রোগের মূল কথা। ইনসুলিন হলো অগ্ন্যাশয় থেকে নিঃসৃত হরমোন, যার সহায়তায় দেহের কোষগুলো রক্ত থেকে গ্লুকোজকে নিতে সমর্থ হয় এবং একে শক্তির জন্য ব্যবহার করতে পারে। ইনসুলিন উৎপাদন বা ইনসুলিনের কাজ করার ক্ষমতা-এর যেকোনো একটি বা দুটোই যদি না হয়, তাহলে রক্তে বাড়তে থাকে গ্লুকোজ। আর একে নিয়ন্ত্রণ না করা গেলে ঘটে নানা রকম জটিলতা, দেহের টিস্যু ও বিভিন্ন অঙ্গ বিকল হতে থাকে।

19. কোন দেশটির সঙ্গে সমুদ্রের যোগাযোগ নেই?

(ক) ভুটান
(খ) জাপান
(গ) চীন
(ঘ) বাংলাদেশ

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
- ভুটানের কোন সমুদ্র বন্দর নেই।
- উল্লেখ্য, বিশ্বের সমুদ্রবন্দরবিহীন বা স্থলবেষ্টিত দেশঃ

এশিয়া	নেপাল, ভুটান, লাওস, আজারবাইজান, মঙ্গোলিয়া, কাজাখস্তান, আফগানিস্তান, কিরগিজস্তান, তাজিকিস্তান, তুর্কমেনিস্তান, উজবেকিস্তান।
ইউরোপ	অস্ট্রিয়া, লুক্সেমবার্গ, হাঙ্গেরি, অ্যান্ডোরা, আর্মেনিয়া, বেলারুশ, চেক প্রজাতন্ত্র, সুইজারল্যান্ড, মেসিডোনিয়া, কসোভা, মলদোভা, লিচটেনস্টাইন, সানম্যারিনো, সার্বিয়া, স্লোভাকিয়া, ভ্যাটিকান সিটি।
আফ্রিকা	বুরুন্ডি, মালি, বতসোয়ানা, উগান্ডা, বুরকিনা ফাসো, মধ্য আফ্রিকা প্রজাতন্ত্র, ইথিওপিয়া, লেসোথো, মালাবি, নাইজার, রুয়ান্ডা, দক্ষিণ সুদান, শাদ, ইসওয়াতিনি, জাম্বিয়া, জিম্বাবুয়ে।
দক্ষিণ আমেরিকা	বলিভিয়া, প্যারাগুয়ে।

20. জরায়ু ক্যানসার প্রতিরোধে কোন Screening কে Gold Standard বলা হয়?

BCS PIONEER

(ক) VIA
(খ) HPV DNA TEST
(গ) Papa smear
(ঘ) Colposcopy

সঠিক উত্তর: c

21. লাইগেশন এর মাধ্যমে কী করা হয়?

(ক) মহিলাদের দুই পার্শ্বের ডিম্বাশয় ফেলে দেওয়া হয়।
(খ) মহিলাদের দুই পার্শ্বের ইউটেরাইন টিউব কেটে দেওয়া হয়।
(গ) মহিলা ও পুরুষ উভয়ের অপারেশন করা হয়।
(ঘ) জরায়ু ফেলে দেওয়া হয়।

সঠিক উত্তর: b

22. মানুষের শরীরের সবচেয়ে বড় হাড় কোনটি?

(ক) Skull
(খ) Femur
(গ) Fibula
(ঘ) Patella

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔹 মানবদেহের সবচেয়ে বড় হাড় হলো 'ফিমার' এবং ক্ষুদ্রতম হাড় হলো 'কানের হাড়'। মানুষের মেরুদন্ডে হাড়ের সংখ্যা ৩৩টি আর বুকের দুই পাশে হাড়ের সংখ্যা ২৪টি।

23. বাংলাদেশ এশিয়ার কোন অঞ্চলে অবস্থিত?

(ক) দক্ষিণ পূর্ব এশিয়া
(খ) দক্ষিণ-দক্ষিণ পূর্ব এশিয়া
(গ) মধ্য এশিয়া
(ঘ) দক্ষিণ এশিয়া

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
🔹 দক্ষিণ এশিয়ার দেশসমূহঃ বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা, মালদ্বীপ ও আফগানিস্তান।

🔸 আর ভৌগোলিক অবস্থানঃ বাংলাদেশের পূর্বে মিয়ানমার, পশ্চিমে ভারত, উত্তরে ভারত এবং দক্ষিণে বঙ্গোপসাগর।

24. ঝুঁকিপূর্ণ গর্ভাবস্থা কোনটি?

(ক) গর্ভকালীন বমি বমি ভাব
(খ) গর্ভকালীন উচ্চ রক্তচাপ ও খিচুনি
(গ) গর্ভকালীন পায়ে পানি জমা
(ঘ) গর্ভকালীন অতিরিক্ত চুল পড়া

সঠিক উত্তর: b

25. জন্ডিসে আক্রান্ত হয়?

(ক) প্লীহা
(খ) লিভার
(গ) ডিউডেনাম
(ঘ) অগ্ন্যাশয়

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔸 জন্ডিসে যকৃত বা লিভার আক্রান্ত হয়। জন্ডিস দেখা দিলে রক্তে বিলিরুনের মাত্রা বেড়ে যায়। দেহত্বক, মুখ, চোখ এবং থুথু হলুদ বর্ণের হয়।

26. 'সুশাসন' শব্দটি সর্বপ্রথম কোন সংস্থা সুস্পষ্টভাবে ব্যাখ্যা করে?

(ক) জাতিসংঘ
(খ) ইউ.এন.ডি.পি
(গ) বিশ্বব্যাংক
(ঘ) আই.এম.এফ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 ৯০ এর দশকে জাতিসংঘ, ইউএনডিপিসহ বেশ কিছু সংস্থা সুশাসন সম্পর্কে চিন্তাভাবনা শুরু করে। ১৯৮৯ সালে সর্বপ্রথম বিশ্ব ব্যাংক এক সমীক্ষায় সুশাসন শব্দটি ব্যবহার করেছিল।

🔸 পরবর্তীতে, বিশ্ব ব্যাংক ১৯৯২ সালে সুশাসনের সংজ্ঞা প্রদান করে যা "শাসন প্রক্রিয়া ও উন্নয়ন" নামক রিপোর্টে উল্লেখ করে।

27. রক্ত জমাট বাধতে সাহায্য করে -

(ক) VIT B-12
(খ) VIT B-D
(গ) VIT-A
(ঘ) VIT-K

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
🔸 ভিটামিন 'কে' রক্ত জমাট বাঁধতে সাহায্য করে। রক্তে হেপারিনের উপস্থিতি থাকায় রক্ত জমাট বাঁধতে শুরু করে। এই ভিটামিন চর্বিতে দ্রবণীয়।

🔸 উল্লেখ্য, ভিটামিন 'কে' এর উৎস হলোঃ যকৃত, সবুজ শাকসবজি, দুগ্ধজাত দ্রব্য, আমাদের শরীরের নরমাল ফ্লোরা তৈরি করে।

28. বাংলাদেশের উপর দিয়ে যে কাল্পনিক রেখা গেছে তার নাম কী?

(ক) মকরক্রান্তি রেখা
(খ) কর্কটক্রান্তি রেখা
(গ) নিরক্ষরেখা
(ঘ) দ্রাঘিমা রেখা

BCS PIONEER

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
- বাংলাদেশের ওপর দিয়ে যে গুরুত্বপূর্ণ ভৌগোলিক রেখা অতিক্রম করেছে, তার নাম কর্কটক্রান্তি রেখা বা ট্রপিক অব ক্যান্সার এবং এটি ৯০° পূর্ব দ্রাঘিমা রেখা।

- বাংলাদেশের যেসব জেলার ওপর দিয়ে কর্কটক্রান্তি রেখা অতিক্রম করেছে সেসব জেলাগুলি হলো চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, রাজবাড়ী, ফরিদপুর, ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, কুমিল্লা, খাগড়াছড়ি ও রাঙামাটি। বাংলাদেশে কর্কটক্রান্তি রেখা ও ৯০° দ্রাঘিমাংশের ছেদবিন্দু ফরিদপুরে অবস্থিত।

29. বাংলার চিরস্থায়ী ভূমি ব্যবস্থা কে প্রবর্তন করেন?

(ক) লর্ড কর্নওয়ালিস
(খ) লর্ড বেন্টিক
(গ) লর্ড ক্লাইভ
(ঘ) লর্ড ওয়াভেল

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
- ব্রিটিশরা ভারতে শাসন শুরুর পর থেকেই এখানকার প্রচলিত দীর্ঘদিনের নানা প্রথা, আইনকানুন বিলোপ করে নতুন আইনের প্রবর্তন করে। এ রকমই একটি আইন বা বিধান হলো চিরস্থায়ী বন্দোবস্ত। লর্ড কর্নওয়ালিস ১৭৯৩ সালে এ প্রথা প্রবর্তন করেন। ১৯৫০ সালে জমিদারি প্রথা বিলোপের মাধ্যমে বাংলায় চিরস্থায়ী বন্দোবস্তের বিলোপ ঘটে।

30. স্বাভাবিক প্রসবের কয়টি ধাপ?

(ক) ১টি
(খ) ২টি
(গ) ৩টি
(ঘ) ৬টি

সঠিক উত্তর: c

31. কোন রোগটি ব্যাকটেরিয়াজনিত?

(ক) ডেঙ্গু
(খ) ম্যালেরিয়া
(গ) ইনফ্লুয়েঞ্জা
(ঘ) টাইফয়েড

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: - টাইফয়েড ব্যাকটেরিয়াজনিত রোগ। উল্লেখ্য

ব্যাকটেরিয়াজনিত রোগ	ভাইরাসজনিত রোগ
ডিপথেরিয়া; হুপিংকাশি: ধনুষ্টংকার; যক্ষ্মা: টাইফয়েড; অ্যানথ্রাক্স: কলেরা/উদরাময়: কুষ্ঠ ইত্যাদি।	করোনা ভাইরাস: হাম; পোলিও; হেপাটাইটিস; হেপাটাইটিস বিঃ ইনফ্লুয়েঞ্জা বি: বার্ড ফ্লু: সোয়াইন ফ্লুঃ মাম্পস: জলবসন্ত; গুটি বসন্ত: র‍্যাবিস: ডেঙ্গু: সার্স; ম্যালেরিয়া: ফাইলেরিয়া (গোদ রোগ); কালাজ্বর ইত্যাদি।

32. কোন হরমোনের অভাবে শিশুর বুদ্ধিমত্তা বাড়ে না?

(ক) ইনসুলিন
(খ) গুকাজেন
(গ) থাইরক্সিন
(ঘ) প্রোল্যাকটিন

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
- মানবদেহের শারীরিক ও মানসিক বৃদ্ধি ও বুদ্ধি বৃদ্ধি এবং শরীরের যাবতীয় কার্যাদি সম্পাদনে বিভিন্ন গ্লান্ড জড়িত। এর মধ্যে অ্যান্ডোক্রাইন গ্লান্ড অন্যতম। থাইরয়েড গ্লান্ড এমনই একটি অ্যান্ডোক্রাইন গ্লান্ড। এই গ্রান্ড ফুলে যাওয়াকে গল্ডগণ্ড বা গয়টার বলে। অর্থাৎ থাইরয়েড গ্রন্থির অস্বাভাবিক বৃদ্ধিকেই গলগণ্ড বা গয়টার বলা হয়।

33. মানুষের গায়ের রঙ কোন উপাদানের উপর নির্ভরশীল?

(ক) মেলানিন
(খ) মেলাটোনিন
(গ) হিমোগ্লোবিন
(ঘ) থায়ামিন

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
- মানুষের গায়ের রং নির্ভর করে চামড়ায় মেলানিনের উপস্থিতির উপর। মেলানোসাইট কোষ মেলানিন তৈরি করে। চামড়ায় মেলানিনের পরিমাণ বেশি থাকলে গায়ের রং কালো হয় আর মেলানিন কম থাকলে গায়ের রং ফর্সা হয়

34. রক্তে হিমোগ্লোবিনের কাজ কি?

(ক) অক্সিজেন পরিবহণ করা
(খ) রোগ প্রতিরোধ করা
(গ) রক্ত জমাট বাধানো
(ঘ) রক্ত তরল রাখা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
- রক্তের মধ্যে বিদ্যমান লৌহঘটিত জটিল গঠনের জৈব পদার্থ হলো হিমোগ্লোবিন। এটি অক্সিজেনের সাথে মিশে অক্সিহিমোগ্লোবিন তৈরির মাধ্যমে সমগ্র দেহে অক্সিজেন সরবরাহ করে।

BCS PIONEER

🔸 হিমোগ্লোবিনের কারণে মানুষের রক্তের বর্ণ লাল হয়। হিমোগ্লোবিন রক্তের লোহিত কণিকায় থাকে। হিমোগ্লোবিন ৪ শতাংশ হিম এবং ৯৬ শতাংশ গ্লোবিন নামক সরল প্রোটিনের সমন্বয়ে গঠিত।

35. ত্বকের সবচেয়ে বাইরের আবরণ কী?

(ক) চর্বি
(খ) ডার্মিস
(গ) এপিডার্মিস
(ঘ) হাড়

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: 🔸 তুকতন্ত্রে চামড়া তিন স্তর বিশিষ্ট।
🔹 এগুলো হলোঃ এপিডার্মিস (৫ স্তর বিশিষ্ট ডার্মিস), ডার্মিস এবং সাবকিউটিস।

🔸 চুল, নখ, লোম এগুলো ত্বকতন্ত্রের অংশ। এ তন্ত্রের গ্রন্থি তিন ধরণের।

🔹 এগুলো হলোঃ ঘর্মগ্রন্থি, স্তনগ্রন্থি এবং স্বেদগ্রন্থি। মানবদেহের বৃহত্তম অঙ্গ হলো ত্বক।

36. ডায়ালাইসিস মেশিনের সাহায্যে কী করা হয়?

(ক) রক্ত বাড়ানো হয়
(খ) কিডনি প্রতিস্থাপন করা হয়
(গ) রক্ত পরিশোধন করা হয়
(ঘ) প্রস্রাব তৈরি করা হয়

সঠিক উত্তর: c

37. কোন রোগে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা ধ্বংস হয়ে যায়?

(ক) জন্ডিস
(খ) উচ্চ রক্তচাপ
(গ) এইডস
(ঘ) গনোরিয়া

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔹 Acquired Immune Deficiency Syndrome বা AIDS একটি মারাত্মক রোগ। এটি শরীরের টি-লিম্ফোসাইট ধ্বংসের মাধ্যমে রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট করে। ফলে দেহ সহজে নিউমোনিয়া, যক্ষ্মার মত রোগে আক্রান্ত হয় এবং রোগী ক্রমশ মৃত্যুর দিকে অগ্রসর হয়।

38. মানবদেহে পানির পরিমাণ শতকরা কত ভাগ?

(ক) ৫০%
(খ) ৬০%
(গ) ৭০%
(ঘ) ৮০%

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔹 মানুষের বেঁচে থাকার জন্য পানি অত্যাবশ্যকীয়। মানুষের দেহ ৫৫-৭৫% পানি দ্বারা গঠিত। গড়ে একজন মানুষের প্রতিদিন ২.৫-৩ লিটার পানি শরীর থেকে বের হয়ে যায়। একজন স্বাভাবিক সুস্থ মানুষের দিনে ৬-৮ গ্লাস পানির প্রয়োজন হয়।

39. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?

(ক) VIT - A
(খ) VIT - B
(গ) VIT - C
(ঘ) VIT -D

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: 🔹 ভিটামিন A- এর অভাবে রাতকানা রোগ হয়। আর

Vitamin A	জেরপথালমিয়, রাতকানা রোগ প্রতিরোধ করে। উৎস: দুধ, মাখন, ডিম, কড মাছ, গাজর, টমেটো, লালশাক পুইশাক ইত্যাদি।
Vitamin C	এর অভাবে স্কার্ভি, সর্দি ও কাশি সহজে আক্রমণ, ত্বক খসখসে হয়ে যায়, চুলকায়, ঘা দেরিতে শুকায়। উৎস: লেবু, কমলালেবু, মাল্টা, জাম্বুরা, টক জাতীয় ফল, আমলকি, আমড়া, ফুলকপি, পালং শাক ইত্যাদি।
Vitamin D	অস্থি ও দন্ত গঠনে সহায়তা করে। এর অভাবে ছোটদের রিকেটস ও বড়দের অস্টিওম্যালাশিয়া রোগ হয়। উৎস: ভোজ্য তেল, দুধ, দুগ্ধজাত খাদ্য, মাছের তেল, ডিমের কুসুম ইত্যাদি।

40. হৃদস্পন্দন প্রতি মিনিটে কত হলে TACHY CARDIA বলে?

(ক) ৮৮
(খ) ৯২
(গ) ১০৮
(ঘ) ৫৪

সঠিক উত্তর: c

41. বিশ্ব স্বাস্থ্য দিবস কবে পালিত হয়?

(ক) ৭ই এপ্রিল
(খ) ৭ই মার্চ
(গ) ৭ই মে
(ঘ) ৭ই জুন

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:

BCS PIONEER

🔹 ১৯৫০ সালে প্রথম বিশ্বজুড়ে স্বাস্থ্যদিবস পালন করা হয়েছিল। ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন (WHO) ১৯৪৮ সালে প্রথম 'হেলথ অ্যাসেম্বল' আয়োজন করেছিল। সেখানেই সিদ্ধান্ত নেওয়া হয় যে, প্রতি বছর ৭ এপ্রিল 'বিশ্ব স্বাস্থ্য দিবস' হিসেবে পালন করা হবে।

🔸 তবে ১৯৪৮ সালে সিদ্ধান্ত নেওয়া হলেও দু'বছর পর ১৯৫০ সালে তা কার্যকর করা হয়।

42. কোনটি কল্পবিজ্ঞান কাহিনি?

(ক) পুতুল নাচের ইতিকথা
(খ) অবরোধবাসিনী
(গ) সুলতানার স্বপ্ন
(ঘ) মতিচুর

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 'সুলতানার স্বপ্ন' ভারতবর্ষের নারীবাদী লেখিকা রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত একটি উপন্যাস। গ্রন্থটি ১৯০৫ সালে মাদ্রাজের 'দ্য ইন্ডিয়ান লেডিজ' ম্যাগাজিনে সুলতানা'স ড্রিম শিরোনামে প্রথম প্রকাশিত হয়।

🔹 ১৯০৮ সালে উপন্যাসটি পুস্তিকা আকারে প্রকাশিত হয়। উপন্যাসটি বাংলায় প্রথম প্রকাশিত হয় ১৯২২ সালে 'মতিচুর' ২য় খণ্ডে সুলতানার স্বপ্ন নামে।

43. কোন ভাইরাসটি জরায়ুর মুখ ক্যানসার এর কারণ?

(ক) হেপাটাইটিস - A
(খ) হিউম্যান প্যাপিলোমা ভাইরাস
(গ) হেপাটাইটিস - C
(ঘ) এইচ.আই.ভি

সঠিক উত্তর: b

44. মানবদেহের রেচন অঙ্গ কোনটি?

(ক) ফুসফুস
(খ) হৃদপিন্ড
(গ) প্লীহা
(ঘ) বৃক্ক

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
🔸 মানুষের প্রধান রেচন অঙ্গ হলো বৃক্ক। বৃক্কের একক নেফ্রন।
🔹 মানুষের রেচনতন্ত্রের অংশগুলো হলোঃ বৃক্ক, ইউরেটার, মূত্রথলি এবং মূত্রনালী। রেচনতন্ত্রের মাধ্যমে শরীরের নাইট্রোজেন গঠিত বর্জ্য পদার্থ দেহ থেকে বের হয়ে যায়। এর গঠনগত ও কার্যকারী একক হলো নেফ্রন। বৃক্কে মূত্র তৈরি হয় এবং এটি শরীর থেকে নাইট্রোজেনজাত বর্জ্য বের করে দেয়।

45. রাডারে যে তড়িৎ চৌম্বক তরঙ্গ ব্যবহার করা হয়, তার নাম কী?

(ক) গামা রশ্মি
(খ) মাইক্রোওয়েভ
(গ) অবহেলিত বিকিরণ
(ঘ) আলোক তরঙ্গ

সঠিক উত্তর: b

46. START-2 কী?

(ক) বাণিজ্য সংক্রান্ত একটি চুক্তি।
(খ) টিভিতে সম্প্রচারিত একটি সিরিয়াল।
(গ) কৌশলগত অস্ত্র হ্রাস সংক্রান্ত চুক্তি।
(ঘ) এর কোনটিই নয়।

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: 👉START-2 হলো কৌশলগত অস্ত্রহাস সংক্রান্ত চুক্তি।
👉উল্লেখ্য, এর পূর্ণরূপ হলো Strategic Arms Reduction Treaty. এটি ১৯৯৩ সালের ৩ জানুয়ারি মার্কিন যুক্তরাষ্ট্র রাশিয়ার মধ্যে পারমাণবিক অস্ত্র বিশেষত দূর পাল্লা পারমাণবিক ক্ষেপণাস্ত্র আগামী ১০ বছরের মধ্যে (১৯৯৩ - ২০০২) দুই -তৃতীয়াংশ হ্রাস করার লক্ষ্যে এই চুক্তি ক্তি স্বাক্ষরিত হয়।

👉রাশিয়ার মস্কোতে এ চুক্তিতে যুক্তরাষ্ট্রের পক্ষে স্বাক্ষর করেন যুক্তরাষ্ট্রের তৎকালীন প্রেসিডেন্ট জর্জ বুশ (সিনিয়র) এবং রাশিয়ার পক্ষে স্বাক্ষর করেন সে দেশের তৎকালীন প্রেসিডেন্ট বরিস ইয়েলেৎসিন।

47. ইনসুলিন নিঃসৃত হয় কোথা থেকে?

(ক) লিভার
(খ) পিত্তথলি
(গ) অগ্ন্যাশয়
(ঘ) প্লীহা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔹 পাকস্থলির নিচে ডিওডেনামের অর্ধবৃত্তাকার কুন্ডলীর মাঝে অবস্থিত অগ্ন্যাশয় একটি মিশ্র গ্রন্থি। এ গ্রন্থির এনজাইম ক্ষরণকারী গ্রন্থিকলাগুলো ফাঁকে ফাঁকে গুচ্ছাকারে অবস্থিত হরমোন নিঃসরণকারী অনাল গ্রন্থিকে বলা হয় আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স (Islets of Langerhens)। এ অংশটি চার ধরনের কোষ নিয়ে গঠিত।

🔸 যথাঃ আলফা কোষ, বিটা কোষ, ডেলটা কোষ এবং গামা কোষ। এ কোষগুলো থেকে উৎপন্ন হরমোন গুলো হলো যথাক্রমে: গুকাগণ, ইনসুলিন, সোমাটোস্ট্যাটিন এবং পলিপেপটাইড।

48. আন্তর্জাতিক ডাক সংস্থার সংক্ষিপ্ত রূপ

BCS PIONEER

(ক) WPU (খ) IPO

(গ) UPU (ঘ) IPU

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔹 আন্তর্জাতিক ডাক সংস্থার সংক্ষিপ্ত রূপ হলো UPU (Universal Postal Union).

🔹 উল্লেখ্য, UPU এর সদরদপ্তর সুইজারল্যান্ডের বার্ণ শহরে অবস্থিত। ৯ অক্টোবর ১৮৭৪ সালে এটি প্রতিষ্ঠিত হয়। UPU জাতিসংঘের বিশেষ সংস্থার মর্যাদা লাভ করে ১ জুলাই ১৯৪৮ সালে।

49. নিচের কোন রোগটি বাংলাদেশ থেকে নির্মূল হয়েছে?

(ক) যক্ষ্মা (খ) কালাজ্বর

(গ) পোলিও (ঘ) ক্যানসার

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔹 বিশ্বের প্রথম দেশ হিসেবে কালাজ্বর নির্মূলে বাংলাদেশকে স্বীকৃতি দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। এর আগে বাংলাদেশ ফাইলেরিয়া ও পোলিও নির্মূল করে সনদ পায়।
🔹 তাই উত্তর হবেঃ (খ এবং গ)

50. নিউমোনিয়া আক্রান্ত হয় মানবদেহের কোন অঙ্গে?

(ক) ফুসফুস (খ) যকৃত

(গ) কিডনি (ঘ) হৃদপিন্ড

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
🔹 নিউমোনিয়া একটি ফুসফুসের রোগ যা সাধারণত মাইক্রো অরগানিজম থেকে জন্মায়। এই রোগের যন্ত্রণাদায়ক আক্রমণের ফলে ফুসফুসের থলিতে অস্বস্তিকর যন্ত্রণা হয়।

🔹 এর ফলে শৈত্যানুভূতি, জ্বরের আক্রমণ, বুকে ব্যথা, কাশি এবং নিঃশ্বাস-প্রশ্বাসে কষ্ট হয়।

51. তিতুমীরের বাঁশের কেল্লা কোথায় অবস্থিত ছিল?

(ক) হায়দারপুর (খ) নারিকেলবাড়িয়া

(গ) চাঁদপুর (ঘ) বরিশাল

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: 🔹 তিতুমীরের বাঁশের কেল্লা নারিকেলবাড়িয়ায় অবস্থিত ছিল।

🔹 উল্লেখ্য, ১৮৩১ সালের ২৩ অক্টোবর বারসাতের কাছে নারিকেলবাড়িয়ায় বাঁশের কেল্লা তৈরি করেন। বাঁশ এবং কাদা দিয়ে দ্বি-স্তর বিশিষ্ট এই অপূর্ব কেল্লা নির্মাণ করেন তিনি।

52. ভালো কোলেস্টেরল কোনটি?

(ক) LDL (খ) HDL

(গ) Triglyceride (ঘ) VLDL

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔹 ভালো কোলেস্টেরলকে হাই ডেনসিটি লিপোপ্রোটিন (HDL) বলা হয়। এই খারাপ কোলেস্টেরলকে শোষণ করে এবং শরীরকে সুস্থ (Health Care) রাখতে সাহায্য করে। শুধু তাই নয়, এটি হৃদরোগ এবং স্ট্রোকের (Heart Health) ঝুঁকি কমাতে পারে।

53. ১৯৯৭ সালে কোন দেশকে হারিয়ে বাংলাদেশ আইসিসি ট্রফি জিতে নেয়?

(ক) কেনিয়া (খ) স্কটল্যান্ড

(গ) হংকং (ঘ) মালয়েশিয়া

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
🔹 ১৯৯৭ সালে কার্লসবার্গ আইসিসি ট্রফি ক্রিকেট টুর্নামেন্টের ফাইনালে কেনিয়াকে হারিয়ে বাংলাদেশ চ্যাম্পিয়ন হয়। মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত টুর্নামেন্টটি ছিল ১৯৯৯ ক্রিকেট বিশ্বকাপের বাছাইপর্ব।

🔹 এতে কেনিয়া এবং প্রথমবারের মত বাংলাদেশ ও স্কটল্যান্ড বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করে।

54. কনফুসিয়াস কে ছিলেন?

(ক) দার্শনিক (খ) সম্রাট

(গ) রাষ্ট্র নেতা (ঘ) বিজ্ঞানী

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
🔹 কনফুসিয়াস চীনের সবচেয়ে বিখ্যাত দার্শনিক, শিক্ষক ও রাজনীতিবিষয়ক তাত্ত্বিকদের একজন। চীন এবং পূর্ব এশিয়ার কয়েকটি দেশের সভ্যতা তাঁর দর্শন দ্বারা গভীরভাবে অনুপ্রাণিত।

55. স্বাভাবিক রক্তচাপ কোনটি?

BCS PIONEER

(ক) ২০০/১২০ মি.মি. (খ) ৬০/১০০ মি.মি.

(গ) ১২০/৮০ মি.মি. (ঘ) ৯০/৫০ মি.মি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 একজন স্বাভাবিক মানুষের রক্তচাপ ১২০/৮০ মি.মি. এর মধ্যে থাকে। রক্তের চাপ এর চেয়ে বেশি হলে এবং দীর্ঘস্থায়ী হলে উচ্চ রক্তচাপ হয়।

56. ম্যালেরিয়া রোগ কোন মশা দিয়ে ছড়ায়?

(ক) এডিস (খ) কিউলেক্স

(গ) এনোফিলিস (ঘ) সবগুলো দিয়ে

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 এনোফিলিস মশা ম্যালেরিয়া রোগের জীবাণু ছড়ায়। এডিস মশা ডেঙ্গু ও চিকনগুনিয়া রোগের জীবাণু ছড়ায়। কিউলেক্স মশা গোদ রোগের জীবাণু ছড়ায়।

57. গলগণ্ড রোগের কারণ কী?

(ক) আয়োডিনের অভাব (খ) ক্যালসিয়ামের অভাব

(গ) VIT – D এর অভাব (ঘ) আয়রনের অভাব

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: 🔸 আয়োডিনের অভাবে গলগন্ড রোগ হয়।
🔹 উল্লেখ্য, মানবদেহের শারীরিক ও মানসিক বৃদ্ধি ও বুদ্ধি বৃদ্ধি এবং শরীরের যাবতীয় কার্যাদি সম্পাদনে বিভিন্ন গ্লান্ড জড়িত। * এর মধ্যে অ্যান্ডোক্রাইন গ্লান্ড অন্যতম।

🔸 থাইরয়েড গ্লাড এমনই একটি অ্যান্ডোক্রাইন গ্লান্ড। এই গ্লান্ড ফুলে যাওয়াকে গল্ডগণ্ড বা গয়টার বলে। অর্থাৎ থাইরয়েড গ্রন্থির অস্বাভাবিক বৃদ্ধিকেই গলগণ্ড বা গয়টার বলা হয়।

58. রক্তে লোহিত কণিকা তৈরি হয়?

(ক) যকৃত (খ) অস্থিমজ্জা

(গ) তরুণাস্থি (ঘ) হৃদপিন্ড

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔸 রক্তের লোহিত কণিকা তৈরি হয় লোহিত অস্থিমজ্জায়। এর আয়ুষ্কাল ১২০ দিন।
🔹 উল্লেখ্য, মানুষের রক্তে ফলিক এসিড ও ভিটামিন বি২ এর অভাবে রক্তশূন্যতা দেখা দেয়।

59. অস্থায়ী জন্মনিয়ন্ত্রণ ব্যবস্থা কোনটি নয়?

(ক) জন্ম নিয়ন্ত্রণ বড়ি (খ) ইনজেকশনের ৩ মাস পর পর

(গ) ইমপ্ল্যান্ট (ঘ) ভ্যাসেকটমি

সঠিক উত্তর: d

60. কোনটি ছোঁয়াচে রোগ?

(ক) অ্যাজমা (খ) ডায়াবেটিস

(গ) স্ক্যাবিস (ঘ) ডায়াবেটিস

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 স্ক্যাবিস হলো ছোঁয়াচে রোগ। উল্লেখ্য, স্ক্যাবিস হল সারকোপ্টেস স্ক্যাবি নামক ক্ষুদ্র মাইট দ্বারা সৃষ্ট একটি সংক্রমণ। স্ক্যাবিস শরীরের সেই অংশে চুলকানি এবং ফুসকুড়ি সৃষ্টি করতে পারে যেখানে এই মাইটগুলি জমে থাকে।

🔸 সংক্রমণটি ক্রমাগত চুলকানি এবং তীব্র ফুসকুড়ি সৃষ্টি করে কারণ মাইটগুলি ত্বকের ভিতরে ডিম পাড়ে। রাতে, চুলকানির ইচ্ছা তীব্র হতে পারে। স্ক্যাবিস খুব তাড়াতাড়ি শনাক্ত হলে সহজেই চিকিৎসাযোগ্য।

🔸 স্ক্যাবিস একটি অত্যন্ত সংক্রামক সংক্রমণ এবং এর মাধ্যমে সহজেই ছড়িয়ে পড়তে পারে।

61. হৃদপিন্ডে আবৃতকারী পর্দার নাম কী?

(ক) পুরা (খ) পেরিকার্ডিয়াম

(গ) এন্ডোকার্ডিয়াম (ঘ) পেরিটোনিয়াম

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔸 হৃৎপিণ্ড একটি পাতলা দ্বিস্তরী আবরণে আবৃত। এর নাম পেরিকার্ডিয়াম (Pericardium)।

62. বাংলাদেশে প্রথম কবে কাগজের নোট চালু করা হয়?

(ক) ৪ জানুয়ারি, ১৯৭২ (খ) ৪ ফেব্রুয়ারি, ১৯৭২

(গ) ৪ মার্চ, ১৯৭২ (ঘ) ৪ এপ্রিল, ১৯৭২ans

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:

BCS PIONEER

🔹 ১৯৭২ সালের ৪ মার্চ এ নোট প্রচলনের মাধ্যমে স্বাধীন বাংলাদেশে প্রথম নিজস্ব কাগুজে মুদ্রা চালু হয়। সেই নোট বাংলাদেশের মানচিত্র খচিত ছিল। যেদিন এ নোট দেশের বাজারে ছাড়া হয় সেদিনই বাংলাদেশি কারেন্সিকে 'টাকা' হিসেবে ঘোষণা দেয়া হয়। এক টাকার ওই নোট ছাপা হয় ইন্ডিয়ান সিকিউরিটি প্রিন্টিং প্রেসে।

🔸 তবে দ্বিতীয় সিরিজে নোট মুদ্রণ করা হয় যুক্তরাজ্য থেকে। যার ডিজাইন অ্যাডভাইজারি কমিটির সদস্য ছিলেন। শিল্পাচার্য জয়নুল আবেদিন, পটুয়া কামরুল হাসান, কে জি মুস্তফা, শিল্পী কাইয়ুম চৌধুরী ও শিক্ষাবিদ নীলিমা ইব্রাহিম।

63. হৃদপিণ্ডের রক্ত চলাচল কমে বুক ব্যাথা হওয়াকে কী বলে?

(ক) স্ট্রোক
(খ) অ্যানজাইনা
(গ) ব্লক
(ঘ) সিনাকাপ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔸 হৃৎপেশি যখন O_2 সমৃদ্ধ পর্যাপ্ত রক্ত সরবরাহ পায় না, তখন বুক নিষ্পেষিত হচ্ছে বা দম বন্ধ হয়ে আসছে-এমন মারাত্মক অস্বস্তি অনুভূত হলে সে ধরনের বুক ব্যাথাকে অ্যানজাইনা বলে।

64. হালদা ভ্যালি কোথায় অবস্থিত?

(ক) রাঙ্গামাটি
(খ) খাগড়াছড়ি
(গ) বান্দরবান
(ঘ) সন্দীপ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: 🔸 হালদা ভ্যালি (খাগড়াছড়ি)-তে অবস্থিত।
🔸 উল্লেখ্য, দুই পাহাড়ের মধ্যবর্তী প্রশস্ত সমতল ক্ষেত্র বা অসমতল ঢালু ক্ষেত্রকে উপত্যকা বা ভ্যালি বলে।

🔸 বাংলাদেশে উল্লে-খযোগ্য কয়েকটি ভ্যালি হলোঃ সাঙ্গু ভ্যালি (চট্টগ্রাম) এবং ভেঙ্গি ভ্যালি (রাঙামাটি)।

65. আসাদ গেট কোন ঐতিহাসিক ঘটনার সাথে সম্পর্কিত?

(ক) ১৯৫২ সালের ভাষা আন্দোলন
(খ) ১৯৬৬ সালের ছয় দফা
(গ) ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান
(ঘ) ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 আসাদ গেট ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান ঐতিহাসিক ঘটনার সাথে সম্পর্কিত। উল্লেখ্য, ১৯৬৯ সালের ২০ জানুয়ারি পাকিস্তানি স্বৈরশাসক আইয়ুব খান সরকারের বিরুদ্ধে এ দেশের ছাত্রসমাজের ১১ দফা কর্মসূচির মিছিলে নেতৃত্ব দিতে গিয়ে পুলিশের গুলিতে জীবন দেন ছাত্রনেতা আসাদুজ্জামান।

🔸 ১৯৬৯ সালের গণ-আন্দোলনের পথিকৃৎ তৎকালীন পূর্ব-পাকিস্তানের তিন শহিদের একজন শহিদ আসাদ। অন্য দু'জন হলেন শহিদ রুস্তম ও শহিদ মতিউর।

66. নিচের কোন শব্দে ণ-ত্ব বিধান অনুসরণ করা হয়েছে?

(ক) লবণ
(খ) কল্যান
(গ) ব্যাকরণ
(ঘ) নিক্কণ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 প্র, পবা, পরি, নির এ চারটি উপসর্গের পর দন্ত ন থাকলে তা মূর্ধন্য ণ হয়।
🔸 যথাঃ প্রণাম, পরিণাম, নির্ণয় ইত্যাদি।

67. উত্তমাশা হলো একটি-

(ক) হ্রদ
(খ) দ্বীপ
(গ) অন্তরীপ
(ঘ) নাটক

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 উত্তমাশা হলো দক্ষিণ আফ্রিকার দক্ষিণ প্রান্তে ভারত মহাসাগর ও আটলান্টিক মহাসগরের সংযোগস্থলে অবস্থিত অন্তরীপ।

68. সংবিধানের কোন অনুচ্ছেদে সংবিধান সংশোধনের বিধান আছে?

(ক) ৮০
(খ) ৯৩
(গ) ১৪২
(ঘ) ১৫০

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 সংবিধানের দশম ভাগ (সংবিধান-সংশোধন) এর ১৪২নং অনুচ্ছেদে আছে 'সংবিধানের বিধান সংশোধনের ক্ষমতা'।
🔸 উল্লেখ্য,

৮০ নং অনুচ্ছেদ	আইন প্রণয়ন পদ্ধতি
৯৩ নং অনুচ্ছেদ	অধ্যাদেশ প্রণয়ন-ক্ষমতা
১৫০ নং অনুচ্ছেদ	ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী

69. অনুসন্ধান করার ইচ্ছা কে কী বলে?

(ক) অনুচিকির্ষা
(খ) অনুসন্ধিৎসা
(গ) প্রতিচিকিৎসা
(ঘ) অণুচ্চার্য

BCS PIONEER

সঠিক উত্তর: b

70. কোনটি রক্ত জমাট বাধতে সাহায্য করে?

(ক) লোহিত কণিকা
(খ) হিমোগ্লোবিন
(গ) অণুচক্রিকা
(ঘ) কোনটি নয়

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔹 রক্তের তরল, হালকা হলুদাভাব অংশকে রক্তরস (Plasma) বলে। অণুচক্রিকা সবচেয়ে ক্ষুদ্র রক্তকণিকা। দেহের কোন স্থান কেটে গেলে অনুচক্রিকা সে স্থানে রক্ত জমাট বাধায়। ফলে ক্ষতস্থান থেকে রক্তপাত বন্ধ হয়। লোহিত রক্তকণিকা হিমোগ্লোবিনের মাধ্যমে ফুসফুস থেকে কোষে কোষে অক্সিজেন পরিবহণ করে।

71. BIMSTEC কী ধরনের সংগঠন?

(ক) Financial
(খ) Technological
(গ) Economical
(ঘ) Social

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔹 BIMSTEC এর অধীনে অর্থনৈতিক সহযোগিতার জন্য ৬টি খাতকে চিহ্নিত করা হয়।

🔸 খাতগুলো হলোঃ ব্যবসা ও বিনিয়োগ, প্রযুক্তি, পর্যটন, পরিবহন ও যোগাযোগ, জ্বালানী, মৎস্য। তাই প্রতিষ্ঠানটির প্রকৃতি হলো অর্থনৈতিক (Economic).

72. কিডনি বিকল হলে রক্তে কোনটির পরিমাণ বৃদ্ধি পায়?

(ক) ইউরিয়া
(খ) সোডিয়াম
(গ) গ্লুকোজ
(ঘ) ক্লোরাইড

সঠিক উত্তর: a

73. টিটেনাস টিকা কয় ডোজ নিতে হবে?

(ক) ২
(খ) ৩
(গ) ৪
(ঘ) ৫

সঠিক উত্তর: d

74. কোন রোগটি ভাইরাসজনিত?

(ক) টাইফয়েড
(খ) কোন রোগটি ভাইরাসজনিত?
(গ) কলেরা
(ঘ) এইডস

সঠিক উত্তর: d

75. হার্ট অ্যাটাকের কারণ কোনটি?

(ক) অনিয়ন্ত্রিত ডায়াবেটিকস
(খ) ভয়
(গ) অপুষ্টি
(ঘ) আঘাত

সঠিক উত্তর: a

76. কিডনি বিকল হওয়ার কারণ কি?

(ক) আঘাত
(খ) উচ্চ রক্তচাপ
(গ) টাইফয়েড
(ঘ) আথ্রাইটিস

সঠিক উত্তর: b

77. ডায়রিয়া রোগীর পানি শূন্যতায় কোন স্যালাইন ব্যবহার করা যায় না?

(ক) Normal Saline
(খ) Cholera Saline
(গ) Hartman Solution
(ঘ) 5% D/A

সঠিক উত্তর: d

78. এসি কারেন্টের বৈশিষ্ট্য-

(ক) শুধু একদিক দিয়ে চলে
(খ) ব্যাটারি থেকে উৎপন্ন হয়
(গ) সময়ের সাথে দিকের পরিবর্তন হয়
(ঘ) সময়ের সাথে দিকের পরিবর্তন হয় না

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
এসি (AC) কারেন্টের প্রধান বৈশিষ্ট্য হলো এটি সময়ের সাথে সাথে পর্যায়ক্রমে নিজের দিক পরিবর্তন করে এবং এর ভোল্টেজ ও কারেন্টের মানও পরিবর্তিত হয়। এর কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো:

দিক পরিবর্তন: এসি কারেন্ট একটি নির্দিষ্ট সময় অন্তর এর দিক পরিবর্তন করে, যা একে ডিসি কারেন্ট (যা কেবল এক দিকে প্রবাহিত হয়) থেকে আলাদা করে।

ফ্রিকোয়েন্সি: এসি পাওয়ার সাপ্লাই একটি নির্দিষ্ট ফ্রিকোয়েন্সিতে কাজ করে, যা হলো প্রতি সেকেন্ডে এটি কতবার দিক পরিবর্তন করে তার সংখ্যা।

সহজে ভোল্টেজ পরিবর্তন: ট্রান্সফরমারের সাহায্যে এসি ভোল্টেজ সহজেই বৃদ্ধি বা হ্রাস করা যায়, যা একে দীর্ঘ দূরত্বে শক্তি প্রেরণের জন্য উপযুক্ত করে তোলে।

BCS PIONEER

তরঙ্গরূপ: এসি কারেন্টের তরঙ্গরূপ সাধারণত একটি সাইন বক্ররেখার (sine curve) মতো হয়, যেখানে এটি ধনাত্মক এবং ঋণাত্মক মানগুলির মধ্যে পর্যায়ক্রমে পরিবর্তিত হয়।

বিস্তার (Amplitude): এসি কারেন্টের বিস্তার হলো একটি নির্দিষ্ট সময়ে এর সর্বোচ্চ মান।

আরএমএস (RMS): এটি একটি এসি কারেন্টের কার্যকর মান, যা ডিসি কারেন্টের সমান মানের সঙ্গে তুলনা করা হয়।

79. নিম্নের কোনটি পানিবাহিত রোগ নয়?

(ক) ডায়রিয়া
(খ) ম্যালেরিয়া
(গ) আমাশয়
(ঘ) টাইফয়েড

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔸 পানির মাধ্যমে যে রোগ ছড়ায় তাকে পানি বাহিত রোগ বলে। ডায়রিয়া, টাইফয়েড, জন্ডিস এগুলো পানি বাহিত রোগ। ডেঙ্গু, ম্যালেরিয়া ও যক্ষ্মা এগুলো ভাইরাস জনিত রোগ।

80. জাতিসংঘের কোন সংস্থা সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে ঘোষণা করেছে?

(ক) UNICEF
(খ) UNESCO
(গ) UNDP
(ঘ) UNWTO

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔸 সুন্দরবন ১৯৯৭ সালে ইউনেস্কো (UNESCO) বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে স্বীকৃতি লাভ করে। ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যের তালিকায় 'সুন্দরবন' ও 'সুন্দরবন জাতীয় উদ্যান' নামে তালিকাভুক্ত হয়েছে।

81. Fill in blank. There's been _____ accident.

(ক) a
(খ) an
(গ) no article needed
(ঘ) the

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔹 Accident এর প্রথমে Vowel হিসেবে 'a' থাকায় স্বাভাবিক নিয়মেই Article হিসেবে 'an' বসাতে হয়।
🔸 বাক্যের অর্থঃ সেখানে একটি দুর্ঘটনা ঘটেছে।

82. Fill in the blank: A sixteen-year-old citizen of Bangladesh is not _____ to vote in an election.

(ক) enough old
(খ) old enough
(গ) as old enough
(ঘ) enough old as

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔹 যথাযথ সীমার মধ্যে বোঝাতে Adverb হিসেবে Enough ব্যবহৃত হলে তা সর্বদাই হ্যাঁ বোধক অর্থ প্রকাশ করে।

🔸 এর Structure হলোঃ Subject + verb + adjective/ adverb + enough + to + verb (সঙ্গতিপূর্ণ)।

🔹 তবে Adjective রূপ Enough ব্যবহৃত হলে যে Noun কে Modify করে সেই Noun এর পূর্বে বসে।

🔸 এক্ষেত্রে Structure হলোঃ Subject + verb + enough + noun + to + verb (সঙ্গতিপূর্ণ)। সহজ কথায় Enough সর্বদাই Noun এর আগে কিন্তু Adjective / adverb এর পরে বসে।

🔹 বাক্যের অর্থঃ ১৬ বছরে বয়সী একজন বাংলাদেশী ভোটারিধাকার প্রয়োগের জন্য যথেষ্ট বয়স নয়।

83. Choose the correct word(s) to fill in the gap. I have lost my pen again, _____ things.

(ক) I lost always
(খ) I have been losing
(গ) I'm always losing
(ঘ) I have lost

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔹 একটি কাজ করা ইদানিং খুব বারবার হচ্ছে। এরূপ কাজ যখন আবারো সংঘটিত হয় তখন যে অবিব্যক্তি প্রকাশিত হয়, তা-ই উল্লিখিত বাক্যটিতে ফুটে উঠেছে।

84. The phrases 'Achillies heel' means-

(ক) strong heel
(খ) blessing
(গ) beautiful shoes
(ঘ) weak points

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
🔹 'Achilles heel' হলো একটি Idiom. যার অর্থ দুর্বল দিক বা Weak point.

85. Choose the right question to the following answer: I have been to Laos.

BCS PIONEER

(ক) Did you visit Laos?

(খ) Have you been to Laos or Thailand?

(গ) Did you visit Thailand?

(ঘ) When did you visit Laos?

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔹 দেখুন যদি প্রশ্ন করা হয়, 'Have you been to Loas or Thailand'? হ্যাঁ, উত্তর যদি হয় আপনি লাওসে ছিলেন তাহলে আপনি লিখবেন 'I have been to Laos' তাই সঠিক উত্তর অপশন খ).

🔸 বাক্যের অর্থঃ আপনি লাওস নাকি থাইল্যান্ডে ছিলেন, আমি লাওসে ছিলাম।

86. Which one is the adjective form of 'home'?

(ক) homeland (খ) homemaker

(গ) homage (ঘ) homely

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
🔸 Home এর Adjective form হলো Homely যার অর্থ সুপরিচিত; সাদাসিধে। তবে Home শব্দটি নিচের মতো করেও ব্যবহৃত হতে পারেঃ

Home	adj	বাড়িতে; বাড়ির দিকে: Did you seen her on her home?
Homelike	adj	ঘরোয়া
Homeless	adj	গৃহহীন
Homemade	adj	গৃহে প্রস্তুতে
Homesick	adj	ঘরমুখো
Homespun	adj	ঘরে-বোনা

87. The indirect for of the speech - He has said to me, "I'll go there but you will stay here".

(ক) He has said to me that he would go there but I would stay here.

(খ) He has told me that he would go there but I'll stay here.

(গ) He told me that he will go there but I'll stay here.

(ঘ) He has said to me that he will go there but I will stay here.

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
👉অপশন খ) ভুল। কারণ, 'would' (Past/future in the past) এর সঙ্গে "I'll" (I will – future) মেশানো হয়েছে Tense mismatch.

👉বাক্যের অর্থঃ তিনি আমাকে বললেন যে তিনি সেখানে যাবেন কিন্তু তুমি এখানে থাকবে।

👉Reported Speech এর পরিবর্তন করার ধাপগুলোঃ

ধাপ	ব্যাখ্যা
01.	has said' → Present perfect tense. এই অবস্থায় Reported speech-এর Tense সাধারণত অপরিবর্তিত থাকে, কিন্তু ফর্মাল ইংরেজিতে ভবিষ্যৎ কালের 'will' 'would' হয়।
02.	"I'll" = I will. এখানে 'I' মানে He (কারণ সে নিজে বলছে) তাই 'I will' he would.
03.	you will' = তুমি থাকবে। এখানে 'you' মানে সব (আমি)। তাই 'you will' I would.
04.	here there. যেহেতু এখন এটি সরাসরি বক্তব্য নয়, তাই 'here' সাধারণত 'there' হয়ে যায়। তবে বেশ কিছু ক্ষেত্রে 'here' অপরিবর্তিতও থাকতে পারে, যদি একই জায়গার কথা বোঝায়।
05.	Reported Speech (Indirect): He has said to me that he would go there but I would stay here

88. 'Nota bene' means

(ক) for example (খ) not sure

(গ) note well (ঘ) next page

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
👉Nota bene অর্থ দ্রষ্ট; বিশেষ দ্রষ্টব্য; ভালো করে লক্ষ্য করুন, লক্ষণীয়।

89. 'Prior to' means -

(ক) during the period (খ) before

(গ) immediately (ঘ) after

BCS PIONEER

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: 👉Prior to অর্থ পূর্ব; পূর্ববর্তী।
👉যেমনঃ Have a prior to claim to something (কোন কিছুর পূর্ব দাবি)।

90. Fill in the blank: I am looking forward ____ you.

(ক) to seeing
(খ) seeing
(গ) note well
(ঘ) to have seen

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
👉বাক্যে Mind, cannot help, could not help, with a view to, look forward to, be used to, get used to, worth, busy ইত্যাদির পর কোনো Verb আসলে উক্ত Verb এর সাথে 'ing' যুক্ত হয়।
👉বাক্যের অর্থঃ আমি তোমাকে খুঁজছি।

91. Identify the correct sentence:

(ক) It is I who is next.
(খ) It is I who am next.
(গ) It is I who are next.
(ঘ) It is I who were next.

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔸 Relative pronoun এর পরে Verb সাধারণত তার পূর্ববর্তী Antecedent (noun/ pronoun) এর Number এবং Person অনুসারে বসে।
🔹 যেমনঃ It is you who are to blame.
🔸 বাক্যের অর্থঃ এটাই আমি যে এর পরেই হবে।

92. Fill in the gap: Did everybody _____ from the fire?

(ক) escaped
(খ) escape
(গ) escaping
(ঘ) was escaped

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔸 বাক্য Active form এ থাকায় 'was escaped' হবে না। আর বাক্যের প্রথমে 'did' থাকায় Escape (পলায়ন করা; কেটে পড়) এর Present + রূপ বসবে।
🔹 বাক্যের অর্থঃ আগুন থেকে কি সবাই বের হতে পেরেছিল?

93. Choose the correct word(s) to fill in the 20 here yesterday. egap: I ___ here yesterday.

(ক) have come
(খ) came
(গ) had come
(ঘ) was coming

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
🔹 বাক্যে Yesterday থাকায় সংশ্লিষ্ট Verb টি Past indefinite tense এর হবে।
🔸 বাক্যের অর্থঃ আমি গতকাল এখানে এসেছিলাম।মা

94. Which phrase contains words opposed to each other in meaning?

(ক) head and shoulder
(খ) hopes and aspirations
(গ) reproduction and death
(ঘ) bullets and bayonets

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 অপশন a), b) এবং d) তে Synonymous word গুলে আছে। তবে অপশন c) তে বিপরীতধর্মী word রয়েছে। দেখুন Reproduction অর্থ পুনর্জন্ম বা পুনরুৎপাদন আর Death অর্থ মৃত্যু; ধ্বংস; অবসান।

95. What is the opposite of 'Harbinger'?

(ক) Leader
(খ) Messenger
(গ) Follower
(ঘ) Educator

সঠিক উত্তর: c

96. Which of the following is a simple sentence?

(ক) Do or die.
(খ) I know the man who came here.
(গ) The man who came here is my brother.
(ঘ) The principal of our college is always ready to help the students.

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
🔸 অপশন ক) হলো Compound sentence এবং অপশন খ) এবং গ) হলো Complex sentence.

🔹 বাক্যের অর্থঃ আমাদের কলেজের অধ্যক্ষ সর্বদাই ছাত্রছাত্রীদের সাহায্য করার জন্য প্রস্তুত।

97. Choose the correct sentence.

BCS PIONEER

(ক) Quote this poem from the memory.

(খ) Quote this poem from the heart.

(গ) Quote this poem from memory.

(ঘ) Quote this poem from heart.

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔹 কোন বই বা লেখকের লেখা থেকে মুখস্থ করে উদ্ধৃত করাকে Quote from the memory বলে।
🔸 যেমনঃ Hanjala quoted a few lines from 'Hamlet'
🔹 বাক্যের অর্থঃ কবিতাটি মুখস্থ বলো।

98. This is the book I lost. Here 'I lost' is-

(ক) an adjective clause (খ) a noun clause

(গ) an adverbial clause d (ঘ) none of threeans

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
🔸 ভেরব কে 'how', 'where', 'when', 'why' দ্বারা প্রশ্ন করে যে Clause পাওয়া যায় তাকে Adverbial clause বলে।
🔸 যেমনঃ
🔹 I shall go where he lives = আমি কোথায় যাব? (where)
🔸 We read that we may learn = আমরা কেন পড়ি? (why)
🔹 I will go when he will = আমি কখন যাব? (when)
🔸 I went there how হে = আমি কীভাবে গিয়েছিলাম? (how)
🔹 বাক্যের অর্থঃ এই বইটিই আমি হারিয়েছিলাম।

99. Fill in the gap: The telephone rang while I _____ a book.

(ক) would read (খ) had read

(গ) read (ঘ) was reading

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
🔹 অতীতের দুটি সমসাময়িক কাজ 'when/while' দ্বারা যুক্ত হলে 'when/while' যুক্ত অংশটি Past continuous হয়, এবং অপরটি হয় Past indefinite.

🔸 উল্লেখ্য, 'while' এর পর Subject থাকলে এ নিয়ম প্রযোজ্য। কিন্তু 'while' এরপর Subject না এসে সরাসরি verb এলে এর সাথে 'ing' যুক্ত হবে। মিলে

100. 'At random' means -

(ক) Deliberately (খ) intentionally

(গ) haphazardly (ঘ) uncertainly

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
🔸 'At random' অর্থ এলোমেলোভাবে; বেপরোয়া; এলাপাথাড়িভাবে। আর এর Synonymous word হলো Haphazardly যার অর্থ বিশৃঙ্খলার সাথে বা এলোপাথাড়িভাবে।

BCS PIONEER

বিষয়/টপিক: বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (PSC) অধিদপ্তর: কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পদের নাম: উপ-সহকারী কৃষি কর্মকর্তা (১০ম গ্রেড) পরীক্ষা

পরীক্ষার তারিখ: ১১-০৭-২০২৫ ইং

মোট প্রশ্ন: 100 টি

1. "বাংলাদেশের শাসন বিভাগ নিয়ন্ত্রিত" হয় কোনটি দ্বারা?

(ক) বিচার বিভাগ
(খ) জাতীয় সংসদ
(গ) পুলিশ বিভাগ
(ঘ) রাষ্ট্রপতি

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
বাংলাদেশের শাসন বিভাগ মূলত *জাতীয় সংসদ* (আইন বিভাগ) দ্বারা নিয়ন্ত্রিত হয়, যেখানে আইন তৈরি হয় এবং সেই অনুযায়ী শাসন বিভাগ কাজ করে। এছাড়া, সংসদের সংখ্যাগরিষ্ঠ দলের নেতা হিসেবে প্রধানমন্ত্রী সরকারের প্রধান ক্ষমতা ব্যবহার করেন এবং শাসন বিভাগ তাঁর হাতে ন্যস্ত থাকে।

2. ইন্টারনেটে কেনাকাটার পদ্ধতির নাম কি?

(ক) ই-পুজি
(খ) ই-ট্রেড
(গ) ই-ক্রেডিট
(ঘ) ই-কমার্স

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
ইন্টারনেটে কেনাকাটার পদ্ধতির নাম হলো ই-কমার্স (e-commerce) বা ইলেকট্রনিক কমার্স, যেখানে ইলেকট্রনিক সিস্টেম, যেমন ইন্টারনেট ব্যবহার করে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় করা হয়।

3. What are you annoyed _____ ?

(ক) at
(খ) by
(গ) with
(ঘ) to

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
বস্তুবাচক - কোনো কিছুর প্রতি বিরক্ত বোঝাতে "annoyed" এর পর preposition হিসেবে "at" বসবে।

4. Find out the correct spelling.

(ক) questionaire
(খ) questionairre
(গ) questionnairre
(ঘ) questionnaire

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: Questionnaire (noun): প্রশ্নপত্র; কোনো বিষয়ে তথ্য।

5. স্বাধীনতার পর প্রথম ডাকটিকিটে কোন ছবি ছিল?

(ক) জাতীয় স্মৃতিসৌধ
(খ) সোনা মসজিদ
(গ) লালবাগ কেল্লা
(ঘ) কেন্দ্রীয় শহীদ মিনার

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
স্বাধীনতার পর প্রথম ডাকটিকিটে কেন্দ্রীয় শহীদ মিনারের ছবি ছিল।
বাংলাদেশের স্বাধীনতার পর প্রকাশিত প্রথম ডাকটিকিটে ছিল ১৯৫২ সালের মহান ভাষা আন্দোলনের কেন্দ্রীয় শহীদ মিনারের ছবি।
মুক্তিযুদ্ধ শেষে প্রথম স্মারক ডাকটিকিট প্রকাশিত হয় ২১ ফেব্রুয়ারি, ১৯৭২ তারিখে।

6. নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের গল্প নয়?

(ক) নস্টনীড়
(খ) অপরিচিতা
(গ) অযান্ত্রিক
(ঘ) অতিথি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
রবীন্দ্রনাথ ঠাকুরের গল্প নয় - অযান্ত্রিক। ‘অযান্ত্রিক’ সুবোধ ঘোষ রচিত একটি গল্প। আবার বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা একটি বিখ্যাত উপন্যাস, যা রবীন্দ্রনাথ ঠাকুরের কোনো রচনা নয়।

অপরিচিতা: রবীন্দ্রনাথ ঠাকুরের একটি অসাধারণ গল্প, যা প্রেম, সমাজ এবং মানুষের জটিল সম্পর্ক নিয়ে লেখা।

নষ্টনীড়: রবীন্দ্রনাথের অন্যতম শ্রেষ্ঠ গল্প হিসেবে পরিচিত, যা তৎকালীন সমাজের প্রতিচ্ছবি এবং মানুষের মনস্তত্ত্বের এক গভীর বিশ্লেষণ।

অতিথি: রবীন্দ্রনাথের একটি অন্যতম গুরুত্বপূর্ণ গল্প, যা তৎকালীন ভারতীয় সমাজের ছবি তুলে ধরে এবং এর মানবতাবাদী বার্তা অত্যন্ত প্রাসঙ্গিক।

7. 'বর্ধমান হাউস' এর বর্তমান নাম কি?

BCS PIONEER

(ক) কার্জন হল
(খ) লালবাগের কেল্লা
(গ) ফজলুল হক হল
(ঘ) বাংলা একাডেমী

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: 'বর্ধমান হাউস' এর বর্তমান নাম বাংলা একাডেমি।

১৯৫৫ সালের ৩ ডিসেম্বর ঐতিহাসিক বর্ধমান হাউসে (স্থাপিত ১৯০৬) বাংলা একাডেমি প্রতিষ্ঠা করেন।

বাংলা একাডেমি বাংলা ভাষা সংক্রান্ত সর্ববৃহৎ গবেষণা প্রতিষ্ঠান।এটির স্বপ্নদ্রষ্টা ভাষাবিদ ড. মুহাম্মদ শহীদুল্লাহ।

বর্ধমানের মহারাজা স্যার বিজয় চাঁদ মাহতাব ১৯১৯ থেকে ১৯২৪ সাল পর্যন্ত কিছুকাল এই বাড়িতে থাকতেন বলে এর নাম হয় বর্ধমান হাউস।

এই ভবনটি ১৯০৫ সালে বঙ্গভঙ্গের পর নির্মিত হয়েছিল।

8. গণতন্ত্র সর্বপ্রথম প্রচলিত হয় কোথায়?

(ক) যুক্তরাজ্যে
(খ) গ্রিসে
(গ) প্যারিসে
(ঘ) আমেরিকায়

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
গণতন্ত্র সর্বপ্রথম প্রাচীন গ্রিসের এথেন্সে প্রচলিত হয়। এটি ছিল একটি সরাসরি গণতান্ত্রিক ব্যবস্থা যেখানে সকল প্রাপ্তবয়স্ক নাগরিক (কাজের সাথে জড়িত) সরকার পরিচালনায় সরাসরি অংশগ্রহণ করতে পারত, যদিও এই ব্যবস্থার সীমাবদ্ধতা ছিল।

'গণতন্ত্র' পরিভাষাটি ইংরেজি 'Democracy' থেকে এসেছে। গ্রিক শব্দ Demos অর্থ হলো জনগণ আর Kritos অর্থ শাসনক্ষমতা বা কর্তৃত্ব।

সরকার বা শাসনব্যবস্থা যখন সংখ্যাগরিষ্ঠের মতামত নিয়ে পরিচালিত হয়, তখন তাকে গণতন্ত্র বা গণতান্ত্রিক শাসনব্যবস্থা বলা হয়।

এখানে সোলন এবং ক্লিসথেনিস নামক দুই রাজনৈতিক নেতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এ জন্য ক্লিসথেনিসকে আখ্যায়িত করা হয় 'অ্যাথেনিয়ান গণতন্ত্রের জনক'।

9. প্রশিক্ষণে মূলত নিম্নের কোন বিষয়টি গুরুত্ব দেওয়া হয়?

(ক) বিষয়ভিত্তিক জ্ঞান
(খ) দক্ষতার উন্নয়ন
(গ) দৃষ্টিভঙ্গির উপর
(ঘ) খামার ভ্রমণের উপর

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ প্রশিক্ষণে মূলত দক্ষতার উন্নয়নকে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়।
➤ প্রশিক্ষণে মূলত দক্ষতার উন্নয়ন, জ্ঞান বৃদ্ধি এবং দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটানোকে গুরুত্ব দেওয়া হয়, যার মাধ্যমে ব্যক্তি বা প্রতিষ্ঠানের সামগ্রিক যোগ্যতা ও কর্মক্ষমতা বৃদ্ধি পায়।
➤ এই প্রক্রিয়া একটি নির্দিষ্ট লক্ষ্য নিয়ে পরিকল্পিতভাবে পরিচালিত হয়, যেখানে প্রশিক্ষণার্থীকে নতুন দক্ষতা অর্জন এবং বিদ্যমান জ্ঞানের উন্নতি ঘটাতে সাহায্য করা হয়।

10. দোঁআশ মাটিতে বালি, পলি ও কর্দম কণার অনুপাত কত?

(ক) ৪০:২০:৪০
(খ) ৪০:৪০:২০
(গ) ৩০:৬০:১০
(ঘ) ৩৫:২৫:৪০

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
একটি আদর্শ দোঁআশ মাটিতে সাধারণত ৪০% বালি, ৪০% পলি এবং ২০% কর্দম কণা থাকে। এই কণাগুলির অনুপাত দোঁআশ মাটির পানি ধারণ ক্ষমতা, পুষ্টি ধরে রাখা এবং উদ্ভিদ বৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, যা এটিকে চাষাবাদের জন্য একটি আদর্শ মাটি করে তোলে।

দোঁআশ মাটির বৈশিষ্ট্য:

বালি কণা: সাধারণত এই মাটিতে বালি কণার পরিমাণ বেশি থাকে।
পলি কণা: পলি কণা মাটিকে উর্বর করতে সাহায্য করে।
কর্দম কণা: কর্দম (কাদা) কণা মাটিকে ধরে রাখতে সাহায্য করে।

গুরুত্ব:

চাষের জন্য আদর্শ: বালি, পলি ও কর্দম কণার সঠিক অনুপাত দোঁআশ মাটিকে চাষাবাদের জন্য একটি আদর্শ মাটি হিসেবে গড়ে তোলে।
উর্বরতা: এই মাটিতে জৈব পদার্থের পরিমাণও বেশি থাকে, যা মাটিকে আরও উর্বর করে তোলে।
পানি ধারণ ও নিষ্কাশন: এই মাটি পানি শোষণ ও ধারণ করতে সক্ষম এবং একইসাথে অতিরিক্ত পানি নিষ্কাশন করতে পারে, যা উদ্ভিদের জন্য খুবই ভালো।

11. নিম্নের কোনটি গ্রীষ্মকালীন ফুল?

(ক) জিনিয়া
(খ) স্যালভিয়া
(গ) পপি
(ঘ) ডায়ান্থাস

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
জিনিয়া (Zinnia): এটি একটি বর্ষব্যাপী বা উভয় মৌসুমের ফুল, যা গ্রীষ্মকালে ভালোভাবে ফোটে।
স্যালভিয়া (Salvia): এটি সাধারণত শীতকালীন ফুল হিসেবে পরিচিত, তবে এটি গ্রীষ্মকালেও জন্মাতে পারে।
পপি (Poppy): পপি একটি শীতকালীন ফুল।

BCS PIONEER

ডায়ান্থাস (Dianthus): ডায়ান্থাসও একটি শীতকালীন ফুল।

বাংলাদেশে গ্রীষ্মকালে বিভিন্ন ধরনের ফুল ফোটে। এর মধ্যে কৃষ্ণচূড়া, শিমুল, জারুল, জিনিয়া, অর্জুন, ইপিল, কনকচূড়া, করঞ্জা, কামিনী, ক্যাজুপুট, গাব, জারুল, জ্যাকারান্ডা, তেলসুর, দেবদারু, নাগকেশর, নাগেশ্বর, নিম, পরশপিপুল, পলকজুঁই, পাদাউক, পারুল, পালাম, বনআসরা, বরুণ, বাওবাব, বেরিয়া, মাকড়িশাল, মিনজিরি, মুচকুন্দ, মেহগনি, রক্তন, সোনালু, স্বর্ণচাঁপা অন্যতম।

12. গমের কোন জাতটি ব্লাষ্ট প্রতিরোধী?

ক) বারিগম ২৭ খ) বারিগম ২৫

গ) বারিগম ৩৩ ঘ) বারিগম ৩০

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
গমের ব্লাস্ট প্রতিরোধী জাতের মধ্যে প্রধানত বারি গম-৩৩ জাতটি বিশেষভাবে উল্লেখযোগ্য। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এই জাতটি উদ্ভাবন করেছে এবং জাতীয় বীজ বোর্ড এটিকে ব্লাস্ট রোগপ্রতিরোধী জাত হিসেবে অনুমোদন দিয়েছে।

- উদ্ভাবক: বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)।
- বৈশিষ্ট্য: এটি ব্লাস্ট রোগপ্রতিরোধী।
- অনুমোদন: ২০১৭ সালে জাতীয় বীজ বোর্ড জাতটিকে অনুমোদন করে।
- কার্যকারিতা: এই জাতটি প্রায় ৯০ থেকে ৯৫ শতাংশ ব্লাস্ট রোগ প্রতিরোধে সক্ষম।

গবেষকরা এই ব্লাস্ট প্রতিরোধী জাতের ব্যাপক সম্প্রসারণের মাধ্যমে ব্লাস্ট রোগের প্রকোপ কমাতে এবং গমের উৎপাদন বৃদ্ধিতে আশাবাদী।

13. গোলআলু কোন পুষ্টি উপাদানের ঘাটতির জন্য স্পর্শকাতর?

ক) বোরন খ) নাইট্রোজেন

গ) পটাশিয়াম ঘ) দস্তা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
- আলু বোরন নামের পুষ্টি উপাদানের ঘাটতির জন্য সংবেদনশীল।
- বোরনের ঘাটতি আলুর কন্দের বৃদ্ধি ও গুণগত মানের উপর বিরূপ প্রভাব ফেলে। বোরনের অভাবে আলুর কন্দে ফাটল দেখা দিতে পারে, কন্দের আকৃতি অস্বাভাবিক হতে পারে এবং অভ্যন্তরীণভাবে বাদামী দাগ (brown heart) সৃষ্টি হতে পারে।
- বাকী অপশনগুলো (নাইট্রোজেন, পটাশিয়াম, দস্তা) ঘাটতি হলে আলুতে বিভিন্ন সমস্যা দেখা যায়—যেমন নাইট্রোজেনে পাতার হলদে হওয়া, পটাশিয়ামে প্রান্তিক ক্লোরোসিস কিন্তু আলুর মধ্যে বিশেষভাবে ক্ষতিকর ও স্পর্শকাতর প্রভাব তৈরি করে বোরনের ঘাটতি।

14. কোনটি উদ্ভিদের হাইপার প্লাষ্টিক লক্ষণ?

ক) রোজেটিং (Rosetting) খ) ক্যাংকার (Canker)

গ) ব্লচিং (Blotching) ঘ) স্ক্যাব (Scab)

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
উদ্ভিদের হাইপারপ্লাস্টিক (Hyperplastic) লক্ষণ হলো স্ক্যাব (Scab)।

হাইপারপ্লাস্টিক লক্ষণ (Hyperplastic symptom):অস্বাভাবিক কোষ বিভক্তির ফলে কোষের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় অথবা কোষের আকার অস্বাভাবিকভাবে বৃদ্ধির ফলে গাছের বিভিন্ন অংশ ফুলে ওঠাকে হাইপারপ্লাস্টিক লক্ষণ বলে।

স্ক্যাব (Scab): এ রোগে গাছের ত্বক ফেটে মামড়ি পড়ার মতো হয়ে খসখসে হয়। যথা-Streptomyces জনিত আলুর পাউডারী স্ক্যাব রোগ।

15. WRI কি?

ক) বন সম্পর্কিত প্রতিষ্ঠান

খ) প্রকৃতি এবং প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের আন্তর্জাতিক গোষ্ঠী

গ) জাতিসংঘের পরিবেশ দূষনের বিরুদ্ধে গৃহীত কর্মসূচী

ঘ) জাতিসংঘের পরিবেশ বিষয়ক কর্মসূচী

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
✪ WRI মানে ওয়ার্ল্ড রিসোর্সেস ইনস্টিটিউট (World Resources Institute)। এটি একটি বিশ্বব্যাপী গবেষণা সংস্থা যা মানুষের জীবন উন্নত করতে, প্রকৃতি রক্ষা করতে এবং জলবায়ু পরিবর্তন থামাতে কাজ করে।

✪ এই সংস্থাটি সরকার, ব্যবসা এবং সুশীল সমাজের সাথে অংশীদারিত্বের মাধ্যমে পরিবেশগত ও অর্থনৈতিক সমস্যার সমাধান খুঁজে বের করে।

16. প্রত্যায়িত ধান বীজ উৎপাদনের আইসোলেশন দূরত্ব কত মিটার?

ক) ২ মিটার খ) ৪ মিটার

গ) ১ মিটার ঘ) ৩ মিটার

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
বীজের মানের সঙ্গে কৃষকের ভাগ্য জড়িত, সে কারণে বীজ উৎপাদনের প্রতিটি ধাপ যথাযথভাবে মেনে চলতে হবে।

এটি জাত ঠিক রাখার জন্য একটি জরুরী বিষয়।

BCS PIONEER

অধিক জাত বৃদ্ধি পাওয়াতে কৃষকগণ পাশাপাশি জমিতে বহু সংখ্যক জাতের ধান আবাদ করেছেন, ক্রসিং ওভারের ফলে জাতগুলি তার নিজস্ব বৈশিষ্ট্য বজায় রাখতে পারছে না। তাই বীজ উৎপাদনের ক্ষেত্রে জাত এবং ফসল ভিত্তিক মাঠমান অনুযায়ী নির্ধারিত পৃথকীককরণ দূরত্ব মেনে চলতে হবে।

প্রত্যায়িত ধান বীজ উৎপাদনের জন্য আইসোলেশন দূরত্ব সাধারণত ৩ মিটার রাখা হয়।

17. বাংলাদেশে ফসলের নিবিড়তা কত শতাংশ?

(ক) ১৫০ (খ) ১৭০

(গ) ২২০ (ঘ) ১৯০

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
ফসলের নিবিড়তা বলতে একটি নির্দিষ্ট সময়ে (সাধারণত এক বছর) একটি কৃষি জমিতে যতবার ফসল ফলানো হয়, তার গড় সংখ্যাকে বোঝায়।

কৃষি মন্ত্রণালয়ের সর্বশেষ তথ্যানুসারে, বর্তমানে বাংলাদেশে ফসলের নিবিড়তা ২১৪%।এখানে অপশনে কাছাকাছি তথ্য হিসেবে ঘ অপশন অর্থাৎ ২২০% কে সঠিক উত্তর হিসেবে নেওয়া হয়েছে।

18. ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট (BLB) রোগ কোন ফসলে মূলত দেখা যায়?

(ক) পাট (খ) ভুট্টা

(গ) গম (ঘ) ধান

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট (BLB) রোগটি মূলত ধান ফসলে দেখা যায়। এটি ধানের একটি অন্যতম গুরুত্বপূর্ণ ব্যাকটেরিয়াজনিত রোগ, যা ধানের পাতায় ক্ষত সৃষ্টি করে এবং পাতার অংশ পুড়ে যাওয়ার মতো দেখতে লাগে।

রোগের লক্ষণ:

- পাতায় ধূসর-সবুজ বা জলছাপের মতো দাগ দেখা যায়।
- এই দাগগুলো পরে ধূসর বাদামী বর্ণ ধারণ করে।
- আক্রান্ত অংশ বিবর্ণ হয়ে পাতা নেতিয়ে যেতে পারে।
- কিছু ক্ষেত্রে পাতা থেকে দুধের মতো নির্যাস ফোঁটা আকারে পড়তে দেখা যায়।

19. বাংলাদেশের বৃহত্তম সেচ প্রকল্প কোনটি?

(ক) কর্ণফুলি সেচ প্রকল্প (খ) তিস্তা ব্যারেজ প্রকল্প

(গ) মেঘনা-ধনাগোদা সেচ প্রকল্প (ঘ) ডিএনডি প্রকল্প

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:

- বাংলাদেশের বৃহত্তম সেচ প্রকল্প হলো তিস্তা সেচ প্রকল্প (তিস্তা ব্যারেজ প্রকল্প)। তিস্তা নদীর উপর নির্মিত এই প্রকল্পটি রংপুর, নীলফামারী, লালমনিরহাট ও দিনাজপুর জেলার প্রায় ৫ লক্ষ ৪০ হাজার হেক্টর জমিতে সেচ সুবিধা প্রদান করে।
- এটি দেশের উত্তরাঞ্চলে, লালমনিরহাট জেলার হাতীবান্ধা ও নীলফামারী জেলার ডিমলা উপজেলায় তিস্তা নদীর উপর অবস্থিত।
- এই প্রকল্পটি উত্তরাঞ্চলের কৃষি ক্ষেত্রে বিশাল অবদান রাখে এবং এই অঞ্চলের ৫ লক্ষ ৪০ হাজার হেক্টর জমিতে সেচ কার্যক্রম পরিচালনা করে।
- এটি একটি জনপ্রিয় পর্যটন কেন্দ্রও বটে।

20. নিম্নের কোন গাছের ছাল হৃদরোগের ঔষধ হিসাবে ব্যবহৃত হয়?

(ক) বট (খ) আমলকি

(গ) অর্জুন (ঘ) নিম

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
➤ অর্জুন গাছের ছাল হৃদরোগের ঔষধ হিসাবে ব্যবহৃত হয়। অর্জুন গাছের ছাল একটি প্রাকৃতিক ঔষধি উপাদান হিসেবে প্রচলিত। এটি আয়ুর্বেদিক চিকিৎসায় ব্যাপকভাবে ব্যবহৃত হয় এবং বিভিন্ন শারীরিক সমস্যার জন্য উপকারী হিসেবে বিবেচিত।

➤ অর্জুন গাছের ছাল প্রধানত হৃদরোগ, উচ্চ রক্তচাপ, শ্বাসকষ্ট, এবং নানা ধরনের শারীরিক সমস্যা নিরাময়ে কার্যকর।

21. ভালো সাইলেজের রং কিরূপ হবে?

(ক) সবুজ কালো (খ) হলুদ

(গ) সবুজ লালচে (ঘ) সবুজ হলদে

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
ভালো সাইলেজ: সাইলেজ মূলত সবুজ ঘাস সংরক্ষণ করার একটি পদ্ধতি। বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ করে সবুজ ঘাসের পুষ্টি উপাদান সঠিক রেখে বায়ুশূন্য অবস্থায় সবুজ ঘাসকে ভবিষ্যতের জন্য প্রক্রিয়াজাত করে রাখার প্রক্রিয়াকে সাইলেজ বলা হয়।

ভালো সাইলেজের রঙের বৈশিষ্ট্য

সোনালী-বাদামী বা সবুজাভ-হলুদ: এটি ভালো সাইলেজের একটি সাধারণ রঙ, যা বোঝায় যে ফসল সঠিকভাবে সংরক্ষিত হয়েছে এবং গাঁজন প্রক্রিয়া ঠিকঠাক হয়েছে।

সবুজ: ভালো মানের সাইলেজ সবুজ রঙেরও হতে পারে, যা বোঝায় যে এটি ভালোভাবে সংরক্ষিত হয়েছে।

গন্ধ-আচারের ন্যায় অম্ল সুগন্ধ। পিএইচ ৩.৫-৪.৫।

BCS PIONEER

22. কিউরিং এর উদ্দেশ্য কি?

(ক) মাটির তাপ দূরীকরণ
(খ) ক্ষতস্থান শুকানো
(গ) বীজ বাছাইকরণ
(ঘ) জীবানুমুক্তকরণ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ কিউরিং-এর উদ্দেশ্য হলো সংরক্ষণ, পচন রোধ করা এবং পণ্যকে উন্নত করা। বিভিন্ন ক্ষেত্রে কিউরিং-এর ভিন্ন ভিন্ন উদ্দেশ্য থাকে, যেমন – খাদ্যদ্রব্য থেকে জল অপসারণ করে পচন রোধ করা, ফসল বা কন্দমূলের ক্ষতস্থান শুকিয়ে রোগমুক্ত করা এবং সংরক্ষণকাল বাড়ানো, কংক্রিটকে আর্দ্র রেখে এর শক্তিমত্তা বৃদ্ধি করা, এবং গাঁজার মতো উদ্ভিদ থেকে ক্লোরোফিল ভেঙে স্বাদ ও সুগন্ধ উন্নত করা।

23. পাটের বিছা পোকা শুককীট বা কীড়া অবস্থায় কয়দিন থাকে?

(ক) ১০-১২ দিন
(খ) ১৮-২১ দিন
(গ) ৫-৭ দিন
(ঘ) ৭-১০ দিন

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
পাটের বিছা পোকা শুককীট বা কীড়া অবস্থায় ১৮-২১ দিন থাকে।
পাটের বিছাপোকা (Jute hairy caterpillar): পাটের অনিষ্টকারী পোকাগুলোর মধ্যে এটি অন্যতম। এটি শুয়া পোকা নামেও পরিচিত। কোনো কোনো অঞ্চলে এ পোকাকে "ছেংগা" নামেও অভিহিত করা হয়। এটি একটি বহুভোজী পতঙ্গ।

24. কোন অধিকার ছাড়া মানুষ পূর্ণভাবে বিকশিত হতে পারে না?

(ক) সাংস্কৃতিক অধিকার
(খ) ভৌগোলিক অধিকার
(গ) রাজনৈতিক অধিকার
(ঘ) মানবাধিকার

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
মানবাধিকার (Human Rights) ছাড়া মানুষ পূর্ণাঙ্গভাবে বিকশিত হতে পারে না, কারণ এটি মানুষের জন্মগত অধিকার যা ছাড়া মানুষ ভালোভাবে বাঁচতে পারে না এবং ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রের পূর্ণাঙ্গ বিকাশের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা লাভ করে।

25. 'চর্যাপদ' রচনার উদ্দেশ্য ছিল -

(ক) ধর্ম চর্চা
(খ) নীতি চর্চা
(গ) সাহিত্য চর্চা
(ঘ) গান চর্চা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: ➤ চর্যাপদ রচনার উদ্দেশ্য ছিল - ধর্ম চর্চা।
➤ বাংলা সাহিত্যের প্রাচীনযুগের একমাত্র নিদর্শনের নাম 'চর্যাচর্যবিনিশ্চয়' বা 'চর্যাগীতিকোষ' বা 'চর্যাগীতি' বা 'চর্যাপদ'।
➤ চর্যাপদ গানের সংকলন। চর্যাপদের বিষয়বস্তু বৌদ্ধ ধর্ম মতে সাধনভজনের তত্ত্ব প্রকাশ (ধর্ম চর্চা)। চর্যাগুলো বৌদ্ধ সহজিয়াগণ রচনা করেন।

26. 'আসছে ফাল্গুনে আমরা কিন্তু দ্বিগুন হব।'- কোন উপন্যাস থেকে নেওয়া হয়েছে?

(ক) চিলেকোঠার সেপাই
(খ) অলীক মানুষ
(গ) খোয়াবনামা
(ঘ) আরেক ফাল্গুন

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
- 'আসছে ফাল্গুনে আমরা কিন্তু দ্বিগুণ হবো' উক্তিটি জহির রায়হান রচিত 'আরেক ফাল্গুন' উপন্যাস থেকে নেওয়া হয়েছে, এটি ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে রচিত এবং আন্দোলনের পরবর্তী সময়ে ছাত্রদের প্রতিরোধের প্রতীকী ভাষা।
- 'আরেক ফাল্গুন' উপন্যাসটি ১৯৬৮ সালে প্রকাশিত হয়।
- ১৯৪৮ থেকে ১৯৫২ হয়ে ১৯৫৫ পর্যন্ত চলমান আন্দোলন, জনতার সম্মিলন, ছাত্রছাত্রীদের প্রত্যক্ষ অংশগ্রহণ, তাদের প্রেম- প্রণয় ইত্যাদি উপন্যাসটির মূল বিষয়।

27. 'গণ্যমান্য' কোন সমাস?

(ক) তৎপুরুষ
(খ) কর্মধারয়
(গ) দ্বন্দ্ব
(ঘ) বহুব্রীহি

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
✪ কর্মধারয় সমাসে একটি পদ বিশেষ্য বা বিশেষণের কাজ করে এবং অন্য পদটি বিশেষ্য বা বিশেষণের কাজ করে।
✪ 'গণ্যমান্য' শব্দে, "গণ্য" (যার অর্থ সম্মানিত বা গুরুত্ব দেওয়া হয়) এবং "মান্য" (যার অর্থ যাকে সম্মান করা হয়) উভয়ই বিশেষ্য ও বিশেষণের কাজ করে।
✪ যেহেতু এখানে "গণ্য" পদটি "মান্য" পদের গুণ বা বৈশিষ্ট্য প্রকাশ করছে, তাই এটি কর্মধারয় সমাসের উদাহরণ।

28. 'আনারস' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

(ক) পর্তুগিজ
(খ) আরবি
(গ) ফারসি
(ঘ) হিন্দি

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
পর্তুগিজ শব্দঃ আনারস, আলকাতরা, কেরানী, পেয়ারা, আলপিন, আলমারি, গীর্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, বালতি, জানালা।

ECS PIONEER

আরবি শব্দঃ দুনিয়া, ওয়ারিশ, অন্দর, আজগুবি, আদব, ইজারা, খবর, জেলা, তালিকা, এলাকা, লেবাস, সবুর, ময়দান।

ফারসি শব্দঃ কারখানা, চশমা, জবানবন্দি, তারিখ, তোশক, দফতর, দরবার, দোকান, দস্তখত, দৌলত, নালিশ, বাদশাহ, বান্দা, মেথর, রসদ তুর্কি শব্দঃ চাকর, দারোগা, উর্দু, কুলি, চকমক, ঠাকুর, তালাশ, দাদা, নানা, নানী, বাবা, বাবুর্চি

29. 'সৌম্য' এর বিপরীত শব্দ-

ক) শান্ত
খ) কঠিন
গ) উদ্ধত
ঘ) উগ্র

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: 🔸 'সৌম্য' এর বিপরীত শব্দ উগ্র।
🔹 'সৌম্য' শব্দের কিছু সমার্থক শব্দঃ প্রশান্ত; ধীর; স্থির; মনোরম; মনোহর; প্রসন্ন ইত্যাদি।

30. 'নদী ও নারী' উপন্যাসের রচয়িতা কে?

ক) আবুল ফজল
খ) হুমায়ুন কবির
গ) ইমদাদুল হক
ঘ) আবু ইসহাক

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ 'নদী ও নারী' (১৯৪৫) উপন্যাসের রচয়িতা লেখক ও রাজনীতিবিদ হুমায়ূন কবির ।
➤ তার আরো কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ:
বাংলার কাব্য, মার্কসবাদ, শিক্ষক ও শিক্ষার্থী (প্রবন্ধ); স্বপ্নসাধ, সাথী, অষ্টাদশী (কাব্য) ।

31. 'এ ভরা বাদর মাহ ভাদর/শূন্য মন্দির মোর।' কে লিখেছেন?

ক) বিদ্যাপতি
খ) চন্ডীদাস
গ) বড়ু চন্ডীদাস
ঘ) জ্ঞানদাস

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: এ সখি হামারি দুখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর শূন্য মন্দির মোর।।' - পঙ্‌ক্তিটি মিথিলার কবি বিদ্যাপতি রচিত "বর্ষাবিরহের" একটি পদ।
"এ ভরা বাদর, মাহ ভাদর, শূন্য মন্দির মোর" পদটি কবি বিদ্যাপতির লেখা। এই পদটিতে রবীন্দ্রনাথ ঠাকুর সুর দিয়েছিলেন, তবে পদটির মূল রচয়িতা বিদ্যাপতি।
এটি একটি বিরহের পদ যেখানে কবি নিজের শূন্য মনকে তুলে ধরেছেন।

32. 'বক্তব্য' এর সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?

ক) √বিক্+তব্য
খ) √বক্ত+অব্য
গ) √বিক্ত+তব্য
ঘ) √ বচ্ + তব্য

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: ➤ 'বক্তব্য'- এর সঠিক প্রকৃতি প্রত্যয় - √ বচ্ + তব্য।
➤ '√ বচ' সংস্কৃত ক্রিয়াপ্রকৃতি এবং 'তব্য' সংস্কৃত কৃৎ প্রত্যয়।
➤ ধাতুর সঙ্গে যখন কোনো ধ্বনি বা ধ্বনি-সমষ্টি যুক্ত হয়ে বিশেষ্য বা বিশেষণ পদ তৈরি হয়, তখন ক্রিয়ামূল বা ধাতুকে বলা হয় ক্রিয়া প্রকৃতি বা প্রকৃতি।

33. 'বদমেজাজী' শব্দের 'বদ' কোন ধরনের উপসর্গ?

ক) আরবি
খ) বাংলা
গ) ফারসি
ঘ) উর্দু

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: 'বদমজাজী' শব্দে 'বদ' 'ফারসি' ভাষার উপসর্গ। যেমন:

- আরবি উপসর্গ: আম, খাস, লা, গর, বাজে এবং খয়ের।
- ফারসি উপসর্গ: কার, দর, না, নিম, ফি, বদ, বে, বর, ব, কম।
- ইংরেজি উপসর্গ: হেড, সাব, ফুল, হাফ।
- উর্দু উপসর্গ: হর।

34. নিচের কোনটি নিত্য সমাস?

ক) ভালমন্দ
খ) দেশান্তর
গ) পঞ্চনদ
ঘ) বেয়াদব

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে।

যেমন: তুমি আমি ও সে = আমরা, অন্য দেশ = দেশান্তর, কেবল দর্শন = দর্শনমাত্র, অন্য গ্রাম = গ্রামান্তর, অন্য গৃহ = গৃহান্তর, দুই এবং নব্বই = বিরানব্বই।
ভাল ও মন্দ = ভালমন্দ; দ্বন্দ্ব সমাস।
ন আদব = বেয়াদব; নঞ্ তৎপুরুষ সমাস।
পঞ্চ নদের সমাহার = পঞ্চনদ; দ্বিগু সমাস বলে।

35. মাইকেল মধুসূদন দত্তের নাটক কোনটি?

ক) শকুন্তলা
খ) শর্মিষ্ঠা
গ) রাবণবধ
ঘ) ভদ্রার্জুন

BCS PIONEER

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: মাইকেল মধুসূদন দত্তের নাটক- শর্মিষ্ঠা।

এটিই প্রকৃত অর্থে বাংলা ভাষায় রচিত প্রথম মৌলিক নাটক এবং একই অর্থে মধুসূদনও বাংলা সাহিত্যের প্রথম নাট্যকার। ১৮৫৯ সালের জানুয়ারি মাসে রাজাদের অর্থানুকূল্যে নাটকটি প্রকাশিত ও একই সালের ৩রা সেপ্টেম্বর বেলগাছিয়া থিয়েটারে মঞ্চস্থ হয়। এই নাটকের উল্লেখযোগ্য চরিত্র- যযাতি, দেবযানি, শর্মিষ্ঠা, মাধব্য, পূর্ণিমা, রাজমন্ত্রী প্রমুখ।

- বিদ্যাসাগরের কয়েকটি বিখ্যাত গ্রন্থ - শকুন্তলা।
- বাংলা ভাষায় রচিত প্রথম নাটক - ভদ্রার্জুন। ১৮৫২ সালে তারাচরণ শিকদারের 'ভদ্রার্জুন' নাটক প্রকাশিত হয়।
- 'রাবণ বধ' রচনা করেন গঙ্গেশকুমার চট্টোপাধ্যায়।

36. কৃষির বর্তমান অগ্রগতিকে নিম্নের কোন বিষয়টির মাধ্যমে প্রকাশ করা হয়?

(ক) ১ম কৃষি বিপ্লব
(খ) ৩য় কৃষি বিপ্লব
(গ) সবুজ বিপ্লব
(ঘ) ৪র্থ কৃষি বিপ্লব

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
কৃষির বর্তমান অগ্রগতিকে সাধারণত "সবুজ বিপ্লব" নামক একটি ধারণা দ্বারা প্রকাশ করা হয়, যা বিংশ শতাব্দীর মাঝামাঝি সময়ে উন্নত বীজ, সার, সেচ এবং আধুনিক কৃষিপ্রযুক্তির ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধির একটি প্রক্রিয়াকে নির্দেশ করে।

সবুজ বিপ্লবের প্রধান বৈশিষ্ট্যসমূহ:

- উন্নত বীজ: উচ্চ ফলনশীল জাতের বীজের ব্যবহার।
- রাসায়নিক সার: মাটির উর্বরতা বৃদ্ধি এবং ফসলের উৎপাদন বাড়ানোর জন্য সারের ব্যাপক ব্যবহার।
- আধুনিক সেচ ব্যবস্থা: সেচের পানির সুব্যবস্থা নিশ্চিত করা।
- কৃষি প্রযুক্তি: আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তির ব্যবহার।

37. ধানের জীবনকালের স্তর ও পর্যায় কয়টি?

(ক) ৪টি ও ৫টি
(খ) ১০টি ও ৩টি
(গ) ৩টি ও ১০টি
(ঘ) ২টি ও ৪টি

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ ধানের জীবনকালের স্তর ও পর্যায় যথাক্রমে ১০টি ও ৩টি।

➤ ধান গাছের জীবনচক্রে তিনটি পর্যায় রয়েছে এগুলোর মধ্যে আছে দৈহিক বর্ধনশীল পর্যায়, প্রজনন পর্যায় এবং ধান পাকা পর্যায়।

ধান গাছের ১০টি পর্যায়: ১. অঙ্কুরোদগম (Germination)। ২. চারা (Seedling। ৩. রোপণ (Transplanting)। ৪. কুশি (Tillering)। ৫. কাইচ থোড় (Panicle Initiation)। ৬. থোড় (Booting)। ৭. শীষ বের হওয়া (Heading। ৮. ফুল (Flowering। ৯. দুধ অবস্থা (Milk Stage)। ১০. পরিপক্ক অবস্থা (Maturity)।

38. LED এর পূর্ণরূপ কোনটি?

(ক) Light-emitting Device
(খ) Light-electronic Diode
(গ) Light-emitting Diode
(ঘ) Light-emitting Director.

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
LED-এর পূর্ণরূপ হলো Light Emitting Diode (লাইট এমিটিং ডায়োড)। এটি একটি অর্ধপরিবাহী যন্ত্র যা বিদ্যুতের সংস্পর্শে এলে আলো নির্গত করে।

কাজ: যখন একটি LED (আলো-নিঃসরণকারী ডায়োড)-এর মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হয়, তখন ইলেকট্রন ছিদ্রের সাথে মিলিত হয় এবং আলো নির্গত করে।

ব্যবহার: LED (আলো-নিঃসরণকারী ডায়োড) বিভিন্ন ক্ষেত্রে ব্যবহৃত হয়, যেমন ডিসপ্লে ডিভাইস, বাতি এবং নির্দেশক আলো।

39. আমনধানের জন্য হেক্টর প্রতি ১৮ কেজি ফসফরাস এর প্রয়োজন হলে কত কেজি TSP সার ব্যবহার করতে হবে?

(ক) ৪০ কেজি
(খ) ৮০ কেজি
(গ) ৯০ কেজি
(ঘ) ৭৫ কেজি

সঠিক উত্তর: c

40. গ্রীন হাউজ কি?

(ক) গাছের চারাকে তীব্র রোদ ও ঠান্ডা এমনকি অতিরিক্ত বাতাসের হাত থেকে বাঁচানোর ব্যবস্থা
(খ) সবুজ রংয়ের বাড়ী
(গ) গাছের চারাকে শুধুমাত্র তীব্র ঠান্ডা থেকে বাঁচানোর ব্যবস্থা
(ঘ) গাছের চারাকে তীব্র রোদ থেকে বাঁচানোর ব্যবস্থা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:

BCS PIONEER

গ্রিনহাউস হলো কাচ, প্লাস্টিক বা অন্য স্বচ্ছ উপাদান দিয়ে তৈরি একটি কাঠামো, যার ভেতরে তাপমাত্রা ও আর্দ্রতা নিয়ন্ত্রণ করে সারাবছর ফসল, ফুল বা অন্যান্য গাছপালা উৎপাদন করা হয়। এটি সূর্যের আলোকে ভেতরে প্রবেশ করতে দেয় এবং সেই তাপকে আটকে রেখে একটি উষ্ণ পরিবেশ তৈরি করে, যা সাধারণ পরিবেশে সম্ভব নয়।

গ্রিনহাউস যেভাবে কাজ করে:

সূর্যরশ্মি প্রবেশ: দিনের বেলায় সূর্যের আলো গ্রিনহাউসের স্বচ্ছ ছাদ ও দেয়াল ভেদ করে ভেতরে প্রবেশ করে।

তাপ আটকে রাখা: এই আলো গ্রিনহাউসের ভেতরের বাতাস ও গাছপালা দ্বারা শোষিত হয়, এবং প্রতিফলিত হয়ে আবার বাইরে যেতে পারে না। ফলে ভেতরের তাপমাত্রা বাইরে থেকে বেশি থাকে।

তাপমাত্রার নিয়ন্ত্রণ: এই প্রক্রিয়ার মাধ্যমে গ্রিনহাউসের ভেতরের তাপমাত্রা, আর্দ্রতা ও আলো নিয়ন্ত্রণ করা যায়, যা বিভিন্ন ধরনের গাছপালা চাষের জন্য অনুকূল পরিবেশ তৈরি করে।

41. রাষ্ট্রের কোন উপাদানকে মস্তিষ্ক বলা হয়?

(ক) জনসমষ্টি
(খ) সার্বভৌমত্ব
(গ) সরকার
(ঘ) নির্দিষ্ট ভূ-খন্ড

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
✔ রাষ্ট্রের মস্তিষ্ক হলো সরকার। ঠিক যেমন মানবদেহের মস্তিষ্ক তার অঙ্গ-প্রত্যঙ্গকে নিয়ন্ত্রণ করে, তেমনই সরকার রাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠান ও জনগণের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে এবং রাষ্ট্রের উদ্দেশ্য পূরণে কাজ করে।

✔ সরকারই আইন প্রণয়ন করে, আইনের শাসন নিশ্চিত করে এবং ন্যায়বিচার প্রতিষ্ঠা করে।

✔ রাষ্ট্রকে যদি একটি জীবদেহ হিসেবে ধরা হয়, তাহলে সরকার হলো সেই দেহের মস্তিষ্ক, যা পুরো দেহকে পরিচালনা করে।

✔ রাষ্ট্রের অন্যান্য গুরুত্বপূর্ণ উপাদান হলো জনসমষ্টি, নির্দিষ্ট ভূখণ্ড এবং সার্বভৌমত্ব। তবে সরকারের মাধ্যমেই এই উপাদানগুলো একত্রিত হয়ে কার্যকরভাবে কাজ করে।

42. কোনটি বেশী চর্বি সমৃদ্ধ ফল?

(ক) অ্যাভোকাডো
(খ) খেজুর
(গ) কলা
(ঘ) কমলা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
অ্যাভোকাডো হলো সবচেয়ে বেশি চর্বি সমৃদ্ধ ফল। এছাড়াও, নারকেল, জলপাই এবং কিছু বাদাম ও বীজেও স্বাস্থ্যকর চর্বি বেশি পরিমাণে পাওয়া যায়।

অ্যাভোকাডো: এটি মনোআনস্যাচুরেটেড ফ্যাট সমৃদ্ধ এবং স্বাস্থ্যকর চর্বি ও ক্যালোরির একটি চমৎকার উৎস।

43. 'এলাম, দেখলাম, জয় করলাম' কথাটি বলেছেন-

(ক) আলেকজান্ডার
(খ) নেপোলিয়ান
(গ) জুলিয়াস সিজার
(ঘ) হিটলার

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
➤ 'এলাম, দেখলাম, জয় করলাম' - এই বিখ্যাত উক্তিটি বলেছেন প্রাচীন রোমান সেনাপতি এবং রাষ্ট্রনায়ক জুলিয়াস সিজার। তিনি ল্যাটিন ভাষায় "Veni, vidi, vici" (ভেনি, ভিডি, ভিসি) শব্দগুচ্ছটি ব্যবহার করেছিলেন।

➤ জুলিয়াস সিজার ৪৭ খ্রিস্টপূর্বাব্দে, জিলার যুদ্ধে পন্টাসের রাজা ফার্নাসিস দ্বিতীয়কে দ্রুত এবং নির্ণায়কভাবে পরাজিত করার পর তিনি রোমান সিনেটের কাছে এই উক্তিটি পাঠিয়েছিলেন।

➤ উক্তির অর্থ: এটি সিজারের দ্রুত এবং সহজ বিজয়ের প্রতিফলন, যা তার সামরিক দক্ষতা ও ক্ষমতার প্রকাশ।

44. এপিকালচার বলতে কি বুঝায়?

(ক) মৌমাছি পালন
(খ) রেশম চাষ
(গ) কবুতর পালন
(ঘ) পোকা পালন

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: মৌমাছির পালন বিষয়ক বিদ্যা : এপিকালচার।
রেশম চাষ বিষয়ক বিদ্যা : সেরিকালচার।
ব্যাঙ চাষ বিদ্যা : ফ্রগকালচার মুক্তা চাষ বিদ্যা : পার্লকালচার
মৎস্য চাষ বিদ্যা : পিসিকালচার
মৎস্য চাষ বিষয়ক বিদ্যা : পিসিকালচার।
চিংড়ি চাষ বিষয়ক বিদ্যা : প্রণকালচার।
উদ্যান বিষয়ক বিদ্যা : হর্টিকালচার।
পাখীপালন বিষয়ক বিদ্যা : এভিকালচার।
সামুদ্রিক মৎস পালন বিষয়ক বিদ্যা : মেরিকালচার।

45. দাপগ বীজতলা তৈরী করা হয় কোন অবস্থায়?

(ক) পাহাড়ের টিলায়
(খ) লবণাক্ততা অবস্থায়
(গ) বর্ষার পানির জন্য কোন স্থান ডুবে গেলে
(ঘ) যেখানে আলো বাতাস বেশী থাকে

BCS PORTER

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
দাপোগ বীজতলা হলো প্রতিকূল পরিস্থিতিতে (যেমন একটানা বৃষ্টি বা বন্যা) উঠোন, বারান্দা বা চালার নিচে ইট, বাঁশ, তক্তা ইত্যাদি দিয়ে একটি চৌকোনা জায়গা তৈরি করে তার উপর পলিথিন বা কলাপাতা বিছিয়ে চারা উৎপাদন করার পদ্ধতি। এই পদ্ধতিতে চারা মাটি থেকে কোনো খাদ্য বা পানি পায় না, তাই প্রতিদিন কয়েকবার পানি ছিটিয়ে দিতে হয়, যা চারাকে শুকিয়ে যাওয়া থেকে রক্ষা করে।

46. শান্তিতে নোবেল পুরস্কার প্রত্যাখানকারী একমাত্র ব্যক্তি কে?

(ক) লি ডাক থো
(খ) স্যার সামুয়েলসন
(গ) সল বে লো
(ঘ) হরগোবিন্দ খোরানা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
✔ শান্তিতে নোবেল পুরস্কার প্রত্যাখ্যানকারী একমাত্র ব্যক্তি হলেন ভিয়েতনামের রাজনীতিবিদ লি ডাক থো (Le Duc Tho)।
✔ তিনি ১৯৭৩ সালে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হেনরি কিসিঞ্জার-এর সঙ্গে প্যারিস শান্তি চুক্তির মাধ্যমে ভিয়েতনাম যুদ্ধ অবসানে গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য এই পুরস্কারে ভূষিত হয়েছিলেন, কিন্তু তাঁর দেশে শান্তি প্রতিষ্ঠিত না হওয়ায় তিনি পুরস্কার গ্রহণ করেননি।

47. VPN এর পূর্ণরূপ-

(ক) Virtual Personal Network
(খ) Virtual Public Network
(গ) Voice Protocol Network
(ঘ) Virtual Private Network

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: VPN-এর পূর্ণরূপ Virtual Private Network.
ডেটা এনক্রিপশন: এটি আপনার ইন্টারনেট ডেটাগুলোকে এনক্রিপ্ট করে, যাতে কোনো তৃতীয় পক্ষ (যেমন হ্যাকার বা ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার) আপনার ডেটা দেখতে না পারে।
আইপি ঠিকানা গোপন করা: এটি আপনার আসল আইপি ঠিকানা লুকিয়ে রাখে এবং একটি নতুন আইপি ঠিকানা ব্যবহার করে, যা আপনার অনলাইন পরিচয় ও অবস্থান গোপন করতে সাহায্য করে।
ব্লক করা ওয়েবসাইট অ্যাক্সেস: ভিপিএন ব্যবহার করে আপনি জিও-রেস্ট্রিকটেড (ভৌগলিকভাবে সীমাবদ্ধ) ওয়েবসাইট ও কন্টেন্ট অ্যাক্সেস করতে পারেন।

48. উদ্ভিদের পুষ্টির উৎস হিসাবে নিচের কোনটি বেশী গুরুত্বপূর্ণ?

(ক) বালিকণা
(খ) পলিকণা
(গ) কর্দমকণা
(ঘ) পাথরকণা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
উদ্ভিদের পুষ্টির প্রধান উৎস হলো মাটি, বায়ু এবং পানি। তার মধ্যে কর্দমকণা পুষ্টি উৎস হিসেবে বেশি গুরুত্বপূর্ণ। যা থেকে উদ্ভিদ প্রয়োজনীয় ১৬টি অত্যাবশ্যকীয় পুষ্টি উপাদান গ্রহণ করে। নাইট্রোজেন, ফসফরাস ও পটাসিয়াম (NPK), ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, সালফার ইত্যাদি ম্যাক্রোনিউট্রিয়েন্টগুলো মাটি থেকে আসে। অন্যদিকে, কার্বন, অক্সিজেন ও হাইড্রোজেন আসে বায়ু ও পানি থেকে।

49. বাংলাদেশ কোন দেশ থেকে সবচেয়ে বেশী পণ্য আমদানী করে?

(ক) জাপান
(খ) যুক্তরাষ্ট্র
(গ) যুক্তরাজ্য
(ঘ) চীন

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
২০১২-১৩ অর্থবছর থেকে ২০২৩-২৪ অর্থবছর (জুলাই-ফেব্রুয়ারি) পর্যন্ত দেশে আমদানি ক্ষেত্রে চীন শীর্ষে রয়েছে।

- ২০২৪ সালের অর্থনৈতিক সমীক্ষা অনুযায়ী, বাংলাদেশ সবচেয়ে বেশি পণ্য আমদানি করে চীন থেকে।
- চীন থেকে আমদানির পরিমাণ দেশের মোট আমদানি পণ্যের প্রায় ২৫.৫৯% অংশ, যা প্রায় ১ হাজার ৯৩৫ কোটি ডলারের সমান।
- চীন থেকে প্রধানত শিল্পকারখানার যন্ত্রপাতি, বস্ত্র খাতের কাঁচামাল যেমন তুলা, ইলেকট্রনিক পণ্য ইত্যাদি আমদানি করা হয়।

50. "সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন ভালো হয়ে চলি।" চরণ দুটির রচিয়তা-

(ক) রামনারায়ণ তর্করত্ন
(খ) মদনমোহন তর্কালঙ্কার
(গ) কৃষ্ণচন্দ্র মজুমদার
(ঘ) বিহারীলাল চক্রবর্তী

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
- 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন ভালো হয়ে চলি।'- বিখ্যাত পঙ্‌ক্তিটি মদনমোহন তর্কালঙ্কার রচিত 'আমার পণ' কবিতার অন্তর্ভুক্ত।

BCS PIONEER

▪ এই বিখ্যাত চরণটি মদনমোহন তর্কালঙ্কারের লেখা এবং এটি শিশুদের নৈতিক শিক্ষা দেওয়ার জন্য রচিত হয়েছিল।

▪ মদনমোহন বিদ্যাসাগরের সহযোগিতায় 'সংস্কৃত-যন্ত্র' (১৮৪৭) নামে একটি ছাপাখানা প্রতিষ্ঠা করেন। সেখান থেকে ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্যটি সর্বপ্রথম গ্রন্থাকারে মুদ্রিত হয়। কবি-প্রতিভার জন্য সংস্কৃত কলেজ থেকে তিনি 'কাব্যরত্নাকর' এবং পাণ্ডিত্যের জন্য 'তর্কালঙ্কার' উপাধি লাভ করেন।

51. "AWD" এর পূর্ণরূপ কি?

(ক) Alternative Weather Design

(খ) Alternate Wetting and Drying

(গ) Awareness on Wetting and Drying

(ঘ) Alternative Wetting and Drying

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
AWD এর পূর্ণরূপ হলো Alternate Wetting and Drying (বিকল্প ভিজানো এবং শুকানো)। এটি ধান চাষের একটি সেচ সাশ্রয়ী পদ্ধতি, যেখানে ধান ক্ষেতে সারাক্ষণ পানি না রেখে পর্যায়ক্রমে সেচ দেওয়া এবং জমিকে শুকানোর সুযোগ দেওয়া হয়।

এই পদ্ধতিতে ধান চাষে সেচের পানি সাশ্রয় করা হয়।

একটি ছিদ্রযুক্ত প্লাস্টিক পাইপ ব্যবহার করে জমির ভেতরের পানির স্তর পর্যবেক্ষণ করা হয়।

চারা রোপণের পর থেকে ৩-৪ দিন পর পর জমিকে শুধু ভিজিয়ে রাখা হয় এবং পানি দাঁড় করিয়ে রাখার প্রয়োজন হয় না। দানা গঠন শুরুর পর থেকে সেচ লাগে না, ফলে পানির পরিমাণ কমে আসে।

এই পদ্ধতি ব্যবহার করলে সেচ খরচ কমে, ডিজেল খরচ কমে, এবং ফলনও বৃদ্ধি পায়।

52. মোটরযানের গতি নির্ণায়ক যন্ত্র কোনটি?

(ক) ক্রোনোমিটার
(খ) ট্যাকোমিটার
(গ) ওডোমিটার
(ঘ) স্পিডোমিটার

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: মোটরযানের গতি নির্ণায়ক যন্ত্র মূলত স্পিডোমিটার।

মোটরযানের অতিক্রান্ত দূরত্ব পরিমাপ করতে ওডোমিটার ব্যবহার করা হয়।

ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র সিসমোগ্রাফ।

ভূমিকম্পের তীব্রতা মাপার যন্ত্র রিখটার স্কেল।

উচ্চ তাপমাত্রা মাপার যন্ত্র পাইরোমিটার।

বায়ুমণ্ডলীয় চাপ নির্ণায়ক যন্ত্র ব্যারোমিটার।

উদ্ভিদের বৃদ্ধিমাপক যন্ত্র ক্রেসকোগ্রাফ।

উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র ট্যাকোমিটার।

দুধের ঘনত্ব পরিমাপের যন্ত্রের নাম ল্যাকটোমিটার।

সমুদ্রের গভীরতা নির্ণয়ের যন্ত্র ফ্যাদোমিটার।

গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র ম্যানোমিটার।

আর্দ্রতা পরিমাপের যন্ত্র হাইগ্রোমিটার।

তাপমাত্রা মাপার যন্ত্র থার্মোমিটার।

53. কোন বাক্যটি শুদ্ধ?

(ক) আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে

(খ) সূর্য পূর্বদিকে উদয় হয়

(গ) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে

(ঘ) সূর্য পূর্বদিকে উদিত হয়

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: শুদ্ধ বাক্য: সূর্য পূর্বদিকে উদিত হয়।
অশুদ্ধ : আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে।
শুদ্ধ : আকণ্ঠ ভোজনে স্বাস্থ্যহানি ঘটে।
অশুদ্ধ : বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে
শুদ্ধ : বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে।

54. কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ-

(ক) পদ্মপুরাণ
(খ) পদ্মগোখরা
(গ) পদ্মরাগ
(ঘ) পদ্মাবতী

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
পদ্মগোখরা: এটি কাজী নজরুল ইসলামের একটি গল্পগ্রন্থ। 'পদ্মগোখরা' গল্পটি 'শিউলিমালা' গল্পগ্রন্থের অন্তর্গত। গ্রন্থটি প্রথম প্রকাশ পায় ১৩৩৮ বঙ্গাব্দের কার্তিকে (১৯৩১)।

পদ্মপুরাণ: এটি নজরুলের কোনো গ্রন্থ নয়, তবে এটি একটি পৌরাণিক কাহিনী।

পদ্মাবতী: এটি কবি আলাওলের রচিত একটি কাব্য।

পদ্মরাগ: এটি বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের একটি উপন্যাস।

55. মাটির বুনট শ্রেনী কয়টি?

(ক) ১০টি
(খ) ৩টি
(গ) ১২টি
(ঘ) ৫টি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
মাটির বুনট শ্রেনী প্রধানত ১২টি। এই বুনট শ্রেণীগুলো মূলত বালি, পলি এবং কর্দম কণার বিভিন্ন অনুপাতের উপর ভিত্তি করে তৈরি হয়।

BCS PIONEER

১২টি বুনট শ্রেণী হলো:

1. বেলে মাটি
2. বেলে দোআঁশ
3. দোআঁশ বালি
4. দোআঁশ
5. পলি
6. পলি দোআঁশ
7. এটেল
8. পলি এটেল
9. বেলে এটেল
10. পলি এটেল দোআঁশ
11. এটেল দোআঁশ
12. বেলে এটেল দোআঁশ

56. পশুপাখির চরিত্র অবলম্বনে সৃষ্ট কাহিনিকে কী বলে?

(ক) রূপকথা
(খ) উপকথা
(গ) ব্রতকথা
(ঘ) কোনোটিই নয়

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
পশুপাখির চরিত্র অবলম্বন করে সৃষ্টি গল্পকে উপকথা বা নীতিকথা বলা হয়। এই ধরনের গল্পে পশু-পাখিদের মাধ্যমে বিভিন্ন মানবিক গুণাবলী, দোষত্রুটি, বা নৈতিক শিক্ষা তুলে ধরা হয়। উদাহরণস্বরূপ, ঈশপের উপকথায় শেয়াল, খরগোশ, সিংহ ইত্যাদি পশুর চরিত্রের মাধ্যমে নীতিগত উপদেশ দেওয়া হয়েছে।

57. কোনটি ডায়াবেটিস রাইস হিসাবে পরিচিত?

(ক) ব্রি ধান ৯৬
(খ) ব্রি ধান ৮৬
(গ) বি আর ১৬
(ঘ) ব্রি ধান ১০৫

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
ডায়াবেটিস রোগীদের জন্য উপযুক্ত ও পরিচিত ধানের জাত হিসেবে ব্রি ধান ১০৫ কে ডায়াবেটিস রাইস বলা হয়।

58. বাংলাদেশের সংবিধানের রক্ষক কে?

(ক) সংসদ
(খ) হাইকোর্ট
(গ) সুপ্রিম কোর্ট
(ঘ) মন্ত্রিসভা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:

- বাংলাদেশ সংবিধানের ব্যাখ্যাকারক ও অভিভাবক- সুপ্রিম কোর্ট।
- বাংলাদেশের সর্বোচ্চ আদালতের নাম- সুপ্রিম কোর্ট।
- 'কোর্ট অব রেকর্ড' বলা হয়- সুপ্রিম কোর্ট আদালতকে।
- সুপ্রিম কোর্ট গঠিত- হাইকোর্ট এবং আপিল বিভাগ নিয়ে।
- সুপ্রিম কোর্ট সম্পর্কে বিধান রয়েছে- সংবিধানের ৬ষ্ঠ অধ্যায়ে।
- সুপ্রিম কোর্টের কথা আছে সংবিধানের ১০০ নং ধারায়।
- হাইকোর্ট এবং আপিল বিভাগের এখতিয়ার বর্ণিত আছে সংবিধানের-১০১ ও ১০৩ নং ধারায়।
- সুপ্রিম কোর্টের আপিল বিভাগের প্রথম নারী বিচারপতি- নাজমুন আরা সুলতানা।

59. 'সর্বজন' এর বিশেষণ-

(ক) সর্বগ্রাহ্য
(খ) সার্বিক
(গ) সর্বজনীন
(ঘ) সার্বজনীন

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: 'সর্বজন' শব্দের অর্থ - সকল নরনারী।
'সর্বজন' শব্দের বিশেষণ — 'সার্বজনীন'।
অন্যদিকে, সর্বজনীন হলো বিশেষ্য।

60. প্রদোষ শব্দের অর্থ কী?

(ক) সকাল
(খ) বিকেল
(গ) দুপুর
(ঘ) সন্ধ্যা

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:

- প্রদোষ শব্দের অর্থ: সন্ধ্যা, রাত্রির প্রথম ভাগ।

61. মৃত্তিকার গঠন প্রক্রিয়া অনুসাবে মাটির স্তর কয়টি?

(ক) ৪টি
(খ) ৫টি
(গ) ২টি
(ঘ) ৩টি

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: মাটি প্রধানত ৪টি উপাদান দ্বারা গঠিত। উপাদানগুলো হলো-

- অজৈব পদার্থ বা খনিজ পদার্থ
- জৈব পদার্থ
- পানি ও
- বায়ু।

62. 'ওয়ানগালা' উৎসব যে নৃ-গোষ্ঠী পালন করে-

(ক) সাঁওতাল
(খ) গারো
(গ) মারমা
(ঘ) চাকমা

BCS PIONEER

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:

নাম	উৎসবের নাম	ভাষা
রাখাইন	জলকেলি, বসন্ত উৎসব, বৈশাখী পূর্ণিমা, গৌতম বুদ্ধের জন্মবার্ষিকী	পালি (ধর্মীয় ভাষা)
ত্রিপুরা	বৈসুক (বর্ষবরণ)	কক-বরক
চাকমা	বিঝু (বাংলা বর্ষবরণ-পহেলা বৈশাখ, সবচেয়ে বড় উৎসব), বৌদ্ধ পূর্ণিমা, মাঘী পূর্ণিমা, কঠিন চীবর দান।	চাকমা
মারমা	সাংগ্রাই (বর্ষবরণ)	বর্মি/পালি
গারো	ওয়াংগালা (ধর্মীয়)	মান্দি/মান্দি খুসিক/ আচিক খুসিক/আবেং
ওরাওঁ	কারাম, ঝান্ডি উৎসব	কুরুখ/শাদ্রি
খিয়াং	সাংলান	খিয়াং

63. কোন রোগনাশকের কার্যকরী উপাদান পারদ?

(ক) বেনলেট
(খ) ক্যাপটান
(গ) হিনোসান
(ঘ) এগ্রোসান

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: ✪ এগ্রোসান রোগনাশকের কার্যকরী উপাদান হলো পারদ।
✪ এগ্রোসান: এটি একটি পারদ-ভিত্তিক বীজ শোধনকারী ছত্রাকনাশক।
✪ বেনলেট, ক্যাপটান ও হিনোসান হলো অন্যান্য রোগনাশক, কিন্তু এগুলোর কার্যকরী উপাদান পারদ নয়।

64. বিশ্ব খাদ্য ও কৃষিসংস্থার (FAO) সদর দপ্তর কোথায় অবস্থিত?

(ক) টোকিও
(খ) লন্ডন
(গ) রোম
(ঘ) নিউইয়র্ক

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: FAO পূর্ণরূপ Food and Agriculture Organization.
- এটি ১৯৪৫ সালের ১৬ অক্টোবর প্রতিষ্ঠিত হয়।
- এটির সদর দপ্তর ইতালির রাজধানী রোমে অবস্থিত।
- FAO এর বর্তমান মহাপরিচালক চীনের কু ডংগিউ। (জুন, ২০২৫)

65. 'Chon Buri' শহরটি কোন দেশে অবস্থিত?

(ক) কানাডা
(খ) থাইল্যান্ড
(গ) চীন
(ঘ) ভিয়েতনাম

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
চোন বুরি (Chon Buri) শহরটি থাইল্যান্ডে অবস্থিত। এটি থাইল্যান্ডের পূর্ব দিকে অবস্থিত একটি শহর এবং প্রদেশ, যার রাজধানীর নামও চোনবুরি।
স্থানীয়ভাবে এটি ব্যাং প্লা সোই নামে পরিচিত। এখানে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প এবং একটি আবহাওয়া কেন্দ্র রয়েছে।
থাইল্যান্ড: 'থাই' শব্দের একটি অর্থ 'মুক্ত'। 'থাইল্যান্ড' শব্দের অর্থ মুক্ত ভূমি। এটি দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি দেশ।

66. "স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়"- চরণটি কার?

(ক) ঈশ্বরচন্দ্র গুপ্ত
(খ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
(গ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
(ঘ) নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায়

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: স্বাধীনতা রঙ্গলাল বন্দোপাধ্যায়
“স্বাধীনতা-হীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায়?
দাসত্ব-শৃঙ্খল বল কে পরিবে পায় হে, কে পরিবে পায়।
কোটিকল্প দাস থাকা নরকের প্রায় হে, নরকের প্রায়!
দিনেকের স্বাধীনতা, স্বর্গসুখ-তায় হে, স্বর্গসুখ তায়!

67. Timor-Leste কোন দেশ থেকে স্বাধীনতা লাভ করেছে?

(ক) মালয়েশিয়া
(খ) সিঙ্গাপুর
(গ) ইন্দোনেশিয়া
(ঘ) জাপান

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
✔ তিমুর-লেস্তে বা পূর্ব তিমুর ইন্দোনেশিয়া থেকে স্বাধীনতা লাভ করেছে, যেখানে ১৯৯৯ সালে জাতিসংঘের তত্ত্বাবধানে গণভোটে জনগণ ইন্দোনেশিয়া থেকে স্বাধীনতার পক্ষে রায় দেয় এবং ২০০২ সালে একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে।
✔ এর পূর্বে, এটি পর্তুগালের উপনিবেশ ছিল এবং ১৯৭৫ সালে পর্তুগাল থেকে স্বাধীনতা ঘোষণা করে।

68. অম্ল মাটিতে কি প্রয়োগ করিলে মাটির অম্লত্ব দূর হয়?

(ক) দস্তা
(খ) চুন
(গ) গন্ধক
(ঘ) ইউরিয়া

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:

BCS PIONEER

যদি মাটির pH কম হয় তবে অম্লত্বেও পরিমাণ বেশী। আবার মাটির pH বেশী হলে অম্লত্বের পরিমাণ কম। কোন মাটির pH ৭.০ এর কম হলে সে মাটি অম্লীয়। আবার ৭.০ এর বেশী হলে তা ক্ষারীয়। কোন মাটির pH ৭.০ বা ৭.০ এর কাছাকাছি হলে সে মাটি নিরপেক্ষ। অত্যধিক অম্লীয় মাটিতে জন্মানো ফসলের গুণগত মানও কমে যায়। ক্ষেত্র বিশেষে মানব স্বাস্থ্যের জন্য এর ক্ষতিকর প্রভাব পড়তে পারে।

এক্ষেত্রে মাটিতে চুন প্রয়োগ করে মাটির অম্লত্ব হ্রাস করা প্রয়োজন।

69. বাংলাদেশ প্রথমে যে আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভ করে?

(ক) বিশ্ব স্বাস্থ্য সংস্থা
(খ) কমনওয়েলথ
(গ) আন্তর্জাতিক মুদ্রা তহবিল
(ঘ) জোট নিরপেক্ষ আন্দোলন

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
বাংলাদেশ স্বাধীনতা লাভের পর প্রথম কমনওয়েলথ-এর সদস্যপদ লাভ করে। বাংলাদেশ ১৯৭২ সালের ১৮ এপ্রিল কমনওয়েলথের ৩২তম সদস্যপদ লাভ করে, যা ছিল এর প্রথম কোনো আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভ।

70. নিচের কোন ফসল রাইজোমের মাধ্যমে বংশবিস্তার করে?

(ক) ধান
(খ) পাট
(গ) আদা
(ঘ) গম

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
আদা ও হলুদ ফসল রাইজোম বা কন্দমূলের মাধ্যমে বংশবিস্তার করে, যা মাটির নিচে থাকা রূপান্তরিত কান্ড। এছাড়াও কলা, বাঁশ, ঘাস এবং অনেক আলংকারিক উদ্ভিদ, যেমন আইরিস ও ফার্নও রাইজোমের মাধ্যমে বংশবিস্তার করে

71. অধিক অম্ল মাটিতে বেঁচে থাকতে পারে কোন জীবাণু?

(ক) ছত্রাক
(খ) ব্যাকটেরিয়া
(গ) ভাইরাস
(ঘ) নেমাটোড

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
অধিক অম্ল (কম pH ≤5) মাটিতে সবচেয়ে বেশি টিকে থাকতে সক্ষম হলো ছত্রাক।

72. মশুরের কোন জাতটি জিংক সংযুক্ত?

(ক) বারি মশুর ৬
(খ) বারি মশুর ৪
(গ) বারি মশুর ৫
(ঘ) বারি মশুর ৮

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
➤ জিংক-সমৃদ্ধ মসুরের জাতের মধ্যে বারি মসুর-৮ ও বারি মসুর-৯ উল্লেখযোগ্য। বারি মসুর-৮ জিংক ও আয়রন সমৃদ্ধ একটি উচ্চ ফলনশীল জাত এবং এটি মসুরের মেগা ভ্যারাইটি নামে পরিচিত। বারি মসুর-৯ জাতটি স্বল্পকালীন ও উচ্চ মাত্রায় জিংক ও আয়রন সমৃদ্ধ।

জিংক-সমৃদ্ধ মসুর জাত:

বারি মসুর-৮: এটি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) উদ্ভাবিত একটি উচ্চ ফলনশীল, জিংক ও আয়রন সমৃদ্ধ মসুর ডালের জাত। একে "মসুরের মেগা ভ্যারাইটি" বলা হয় এবং এতে ২৭.৮ শতাংশ প্রোটিন রয়েছে।

73. 'নিষ্প্রভ' শব্দের সন্ধিবিচ্ছেদ-

(ক) নি+প্রভ
(খ) নিচ+প্রভ
(গ) নিঃ+প্রভ
(ঘ) নিষ্পভ+অ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
✪ বিসর্গ সন্ধির নিয়ম:বিসর্গযুক্ত ই-ধ্বনি বা উ-ধ্বনির পর ক/খ/প/ফ থাকলে সন্ধির ফলে বিসর্গ (ঃ) স্থানে ষ্ হয়। এবং বিসর্গযুক্ত অ-ধ্বনি বা আ-ধ্বনির পর ক/খ/প/ফ থাকলে সন্ধির ফলে বিসর্গ (ঃ) স্থানে স-ধ্বনি হয়। স পরবর্তী ব্যঞ্জনে যুক্ত হয়।

যেমন: নিঃ + প্রভ = নিষ্প্রভ, নিঃ + ফল নিষ্ফল, দুঃ + কৃতি = দুষ্কৃতি, ভ্রাতুঃ + পুত্র = ভ্রাতুষ্পুত্র, ইত্যাদি।

74. জমিতে মালচিং করা হয় কেন?

(ক) মাটির আর্দ্রতা কমানোর জন্য
(খ) মাটির তাপমাত্রা বৃদ্ধির জন্য
(গ) মাটির pH কমানোর জন্য
(ঘ) মাটির আর্দ্রতা সংরক্ষণের জন্য

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: মালচিং পদ্ধতি কী?
মালচিং হলো একটি পদ্ধতি যেখানে মাটির উপরিভাগে এক প্রকার ঢাকনা তৈরি করা হয়। এই ঢাকনা প্রাকৃতিক (যেমন খড়, পাতা) বা কৃত্রিম (যেমন প্লাস্টিকের শিট) উপাদান দিয়ে তৈরি হতে পারে।

মালচিং পদ্ধতির সুবিধা

- মাটির আর্দ্রতা রক্ষা: মালচিং মাটির উপরের স্তর থেকে পানি বাষ্পীভবন রোধ করে, যা সেচের প্রয়োজন কমায়।
- আগাছা নিয়ন্ত্রণ: মালচিং আগাছার বৃদ্ধি রোধ করে, যা ফসলের পুষ্টি শোষণে সহায়তা করে।

BCS PIONEER

- মাটির তাপমাত্রা নিয়ন্ত্রণ: গ্রীষ্মে মাটিকে ঠান্ডা এবং শীতে উষ্ণ রাখতে মালচিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- মাটির গুণাগুণ রক্ষা: মালচিং মাটি ক্ষয় প্রতিরোধ করে এবং মাটির জৈবিক কার্যক্রম বৃদ্ধি করে।
- ফসলের ফলন বৃদ্ধি: মাটির স্বাস্থ্য এবং আর্দ্রতা বজায় থাকায় ফসলের ফলন বৃদ্ধি পায়।

75. নিম্নের কোনটি উপকারী পোকা?

(ক) জেসিড
(খ) জাব পোকা
(গ) লেডি বার্ড বিটল
(ঘ) ক্যারাবিট বিটল

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
লেডিবার্ড বিটল, মৌমাছি, প্রজাপতি এবং ক্যারাবিড বিটল হলো উপকারী পোকা, কারণ এরা পরাগায়নে সাহায্য করে, ফসলের ক্ষতি করা পোকামাকড় খেয়ে ফেলে অথবা মাটি উর্বর করতে সাহায্য করে।
লেডিবার্ড: ক্ষতিকর পোকা খেয়ে ফসল রক্ষা করে।
মৌমাছি: ফুলে পরাগায়ন করে, মধু দেয়।
প্রজাপতি: পরাগায়ন করে, পরিবেশ সুন্দর রাখে।

76. প্রত্যায়িত বীজ কোন রংয়ের ট্যাগ দেখে চিহ্নিত করা হয়?

(ক) সাদা রং
(খ) সবুজ রং
(গ) নীল রং
(ঘ) লাল রং

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: বীজের ট্যাগ ট্যাগ ৪ ধরনের-
ক. প্রজনন বীজ বা মৌল বীজ - সবুজ। খ. ভিত্তি বীজ - সাদা।
গ. প্রত্যায়িত বীজ - নীল। ঘ. মান ঘোষিত বীজ - হলুদ।

77. ডায়াথেন এম-৪৫ এর অপেক্ষমান সময় কতদিন?

(ক) ৩-৭ দিন
(খ) ৫-৭ দিন
(গ) ১-৫ দিন
(ঘ) ৭-১০ দিন

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
ডায়েথন এম-৪৫ (Dithane M-45) একটি বহুল ব্যবহৃত ছত্রাকনাশক, যা মূলত ম্যানকোজেব (Mancozeb) দ্বারা তৈরি। ডায়াথেন এম-৪৫ এর অপেক্ষমান সময় ৭-১০ দিন।

78. মধ্য-মেঘনা নদী প্লাবিত ভূমি অঞ্চল কত নম্বর AEZ (কৃষি পরিবেশ অঞ্চল) এর অন্তর্ভুক্ত?

(ক) ১৮
(খ) ২২
(গ) ১৬
(ঘ) ১১

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: বাংলাদেশের ৩০টি AEZ নীচে দেওয়া হল -
১) পুরনো হিমালয় উপভূমি সমভূমি। ২) সক্রিয় তিস্তা প্লাবিতভূমি
৩) তিস্তা মোচড়ানো প্লাবিতভূমি ৪) করতোয়া-বাঙ্গালী প্লাবিতভূমি
৫) নিম্ন আতরাই পাড় ৬) নিম্ন পর্ণাভভা প্লাবিতভূমি
৭) সক্রিয় ব্রহ্মপুত্র-যমুনা প্লাবিতভূমি
৮) তরুণ ব্রহ্মপুত্র ও যমুনা প্লাবিতভূমি ৯) পুরনো ব্রহ্মপুত্র প্লাবিতভূমি
১০) সক্রিয় গঙ্গা প্লাবিতভূমি ১১) উচ্চ গঙ্গা নদী প্লাবিতভূমি
১২) নিম্ন উচ্চ গঙ্গা নদী প্লাবিতভূমি ১৩) নিম্ন গঙ্গা নদী প্লাবিতভূমি
১৪) গোপালগঞ্জ-খুলনা বিল অঞ্চল ১৫) আড়িয়াল বিল
১৬) মধ্য-মেঘনা নদী প্লাবিতভূমি ১৭) নিম্ন-মেঘনা নদী প্লাবিতভূমি
১৮) নব্য মেঘনা মোহনা প্লাবিতভূমি
১৯) পুরনো মেঘনা মোহনা প্লাবিতভূমি
২০) পূর্ব সুরমা-কুশিয়ারা প্লাবিতভূমি ২১) সিলেট অববাহিকা
২২) উত্তর ও পূর্ব উপভূমি সমভূমি ২৩) চট্টগ্রাম উপকূলীয় সমভূমি
২৪) মার্টিন'স প্রবাল দ্বীপ ২৫) সমভূমি বারিন্দ ট্র্যাক্ট
২৬) উচ্চ বারিন্দ ট্র্যাক্ট ২৭) উত্তর পূর্ব বারিন্দ ট্র্যাক্ট ২৮) মধুপুর ট্র্যাক্ট
২৯) উত্তর ও পূর্ব পাহাড়শ্রেণী। ৩০) আখাউড়া সোপানভূমি।

79. Antonym of the word 'belittle' is _____.

(ক) glorify
(খ) dull
(গ) worthless
(ঘ) useless

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: Belittle → হ্রাস করা, অবমূল্যায়ন করা, ছোট করে দেখানো
Glorify → মহান করা, গুণগান করা, গৌরব দেওয়া dull
— বেফাঁসি, শ্লথ, বোধগম্যহীন, একঘেয়ে
— 'not interesting; lacking brightness, sharpness বা প্রাণোদীপ্ততা'
useless — অকেজো, কাজে না আসা, অব্যবহারযোগ্য
— 'of no value; worthless; without practical use'
worthless — মূল্যহীন, কোন মূল্য বা গুণ নেই এমন
— 'lacking worth; of no use or importance'

80. নিম্নের কোন "Term" টি দ্বারা শুধুমাত্র ফল বিজ্ঞান বুঝায়?

(ক) Olericulture
(খ) Horticulture
(গ) Pomology
(ঘ) Silviculture

BCS PIONEER

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Horticulture হলো উদ্ভিদবিজ্ঞান ও কৃষিবিজ্ঞানের এমন একটি শাখা, যা উদ্ভিদ চাষ, পরিচর্যা, সাজসরঞ্জাম, গাছপালা, ফুল, ফল, শাকসবজি ইত্যাদির উৎপাদন ও বিপণন—all-inclusive দৃষ্টিতে কাজ করে।

Olericulture হলো শাকসবজি (vegetables) সম্পর্কিত বিজ্ঞান ও চাষবিজ্ঞান।

অর্থাৎ, গাজর, বোচ্চি পাতা, বাঁধাকপি, বেগুন, শসা — এসব উদ্ভিদের উৎপাদন, পরিচর্যা, সংগ্রহ, সংরক্ষণ ইত্যাদির সঙ্গে সংশ্লিষ্ট।

Pomology হল Horticulture-এর একটি উপশাখা, যা শুধু ফল ও ফলদ বৃক্ষ (fruit trees) নিয়ে কাজ করে।

Pomology (বা "ফলবিজ্ঞান") হলো ফল (fruits and nuts) — সেইসব উদ্ভিদ ও গাছপালার ফল উৎপাদন, উন্নয়ন, বংশবৃদ্ধি, রোগ প্রতিরোধ, সঠিক চাষপদ্ধতি ইত্যাদির বিজ্ঞান।

Silviculture হলো বনজসম্পদের উৎপাদন, পরিচালনা এবং সংরক্ষণের বিজ্ঞান এবং কৌশল। এটি বনজসম্পদের স্থায়ী উৎপাদন নিশ্চিত করার জন্য বনজসম্পদগুলির চাষ, রোপণ, ব্যবস্থাপনা এবং সংরক্ষণের সাথে সম্পর্কিত।

81. ভেজাল TSP সার চেনার উপায় কি?

(ক) পানিতে মেশালে লাল রংয়ের দ্রবণ তৈরী হয়
(খ) পানিতে মেশালে ঘোলা দ্রবণ হয়
(গ) পানিতে মেশালে ডাবের পানির মতো পরিষ্কার দ্রবণ তৈরী হয়
(ঘ) কোনটাই নয়

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
➤ ভেজাল টিএসপি সার চেনার জন্য সহজ পরীক্ষা হলো, এক চা চামচ সার আধা গ্লাস ঠান্ডা পানিতে মেশানো। আসল টিএসপি সার পানিতে মিশলে ডাবের পানির মতো স্বচ্ছ দ্রবণ তৈরি হবে এবং নিচে কোনো অধঃক্ষেপ পড়বে না। অন্যদিকে, ভেজাল টিএসপি সার মেশালে পানির দ্রবণটি ঘোলাটে হবে এবং নিচে ঘোলাটে অধঃক্ষেপ জমা হবে।
➤ আসল টিএসপি সারে সাধারণত কোনো ঝাঁঝালো বা অস্বাভাবিক গন্ধ থাকে না।

82. The experts were looking for the clues to determine _____ the fire started.

(ক) what (খ) that
(গ) who (ঘ) how

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
➤ The experts were looking for the clues to determine how the fire started. (আগুনের সূত্র খুঁজে বের করতে বিশেষজ্ঞরা কাজ করছিলেন।)
➤ "Determine" verb-এর পরে যখন "কীভাবে," "কেন," "কখন" ইত্যাদি বোঝানোর প্রয়োজন হয়, তখন Wh-word + clause বসে। এখানে "how the fire started" একটি Indirect Question Clause, যা "determine"-এর object হিসেবে এসেছে।

83. We often hear her _____ at concerts.

(ক) singing (খ) to sing
(গ) sing (ঘ) has sung

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: We often hear her singing at concerts.
এখানে, singing উত্তর হবে। কারণ, প্রায়ই কাজটি চলমান রয়েছে - বোঝানো হয়েছে।
কিছু কিছু verb আছে, যাদের পরে infinitive (to) উহ্য থাকে, verb এর present form বসে এবং এদের সাথে (verb+ing) এর ব্যবহারও সঠিক। এই verb গুলো হচ্ছে - Feel, hear, see, watch, notice, find.
Hear, see, feel, watch, notice, find etc. + object + infinitive or -ing/ Hear or see someone/something to do something:

84. My uncle and benefactor _____ come.

(ক) has (খ) is
(গ) are (ঘ) have

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
"My uncle and benefactor" একই ব্যক্তিকে বোঝাচ্ছে, তাই singular verb (has) ব্যবহার করতে হবে।

85. I am late, _____ I?

(ক) am not (খ) not
(গ) ain't (ঘ) am

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Tag question এর ক্ষেত্রে am থাকলে aren't অথবা, ain't বসে।

ECS PIONEER

86. As you will see from my CV _____, I am currently working as a waiter.

(ক) attached (খ) endorsed
(গ) included (ঘ) attested

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
Attached: অর্থ: সংযুক্ত। এখানে "attached" একটি past participle form যা adjective হিসেবে CV কে বর্ণনা করছে।

87. ChatGPT এর GPT এর পূর্ণরূপ?

(ক) Generative Protocol Trend
(খ) Generated Protocol Transformation
(গ) Generation Penetrated Transformation
(ঘ) Generative Pre-Trained Transformer

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
➤ ChatGPT হলো বর্তমান সময়ের একটি State of Art Technology, যার পূর্ণরূপ হলো Chat Generative Pre-trained Transformer।। OpenAI থেকে প্রস্তুতকৃত এটি এমন একটি Artificial Inteligence সিস্টেম যা মানুষের খুব কাছাকাছি পর্যায়ে টেক্সট রেসপন্স তৈরি করতে সক্ষম। এই নতুন প্রযুক্তি ইদানিং আকাশচুম্বী জনপ্রিয়তা পেয়েছে।
➤ চ্যাটজিপিটি প্রথম চালু হয় ২০২২ সালের নভেম্বরে।
➤ চ্যাটজিপিটির প্রতিষ্ঠাতা এবং OpenAI-র প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) হলেন স্যাম অল্টম্যান (Sam Altman)।তিনি OpenAI-র CEO হিসেবে ২০১৯ সালে দায়িত্ব গ্রহণ করেন।

88. "উদ্যোক্তা" শব্দের ইংরেজী কোনটি?

(ক) Entropreneur (খ) Entrepreneur
(গ) Enterprise (ঘ) Enterpreneur

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: "উদ্যোক্তা" শব্দের সঠিক ইংরেজি হলো গ) Entrepreneur.
এই শব্দটি ফরাসি ভাষা থেকে এসেছে এবং এর অর্থ হলো এমন একজন ব্যক্তি যিনি ব্যবসায়িক ঝুঁকি নিয়ে নতুন উদ্যোগ বা ব্যবসা শুরু করেন।
Enterprise - এর অর্থ উদ্যোগ/প্রতিষ্ঠান, উদ্যোক্তা নয়।
Enterpreneur, Entropreneur - ভুল বানান।

89. They are in _____ prison for theft.

(ক) a (খ) an
(গ) the (ঘ) no article

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
Article এর নিয়ম অনুসারে, School, college, market, bed, hospital, prison, mosque, temple, church, court of ইত্যাদি মূখ্য উদ্দেশ্যে (যেটা যেটার জন্য নির্মিত) ব্যবহৃত হলে কোন Article বসে না।

90. She spoke _____ a calm voice.

(ক) in (খ) with
(গ) through (ঘ) by

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
🔺 কণ্ঠস্বর, ভঙ্গি, বা ভাব প্রকাশের ক্ষেত্রে "in" ব্যবহার করা হয়।
যেমন:

- Speak in a loud voice.

91. Change the word 'brevity' into adjective.

(ক) brave (খ) bravery
(গ) brief (ঘ) briefly

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:

- Brief (Adjective): সংক্ষিপ্ত; সংকুচিত।
- brave (adjective) - সাহসী; নির্ভীক;
- bravery (noun) - সাহস; সাহসিকতা; নির্ভীকতা;
- Briefly (Adverb) - সংক্ষেপে।

92. Find out the word which is in plural form.

(ক) curriculum (খ) alumnus
(গ) nucleus (ঘ) syllabi

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: syllabus এর বহুবচন হলো syllabi অথবা syllabuses.
curriculum - এর plural noun - curricula.
alumnus - এর plural noun - alumni.
nucleus - এর plural noun - nuclei.

BCS PIONEER

93. The verb of 'number' is _____.

(ক) number (খ) enumerate
(গ) numbering (ঘ) numerical

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
➤ Number এবং Numbering উভয়ই verb form এ রয়েছে কিন্তু tense ভেদে এরা ভিন্ন ভাবে ব্যবহৃত হয়। কিন্তু যদি number এর base verb form জানতে চাওয়া হয় তবে সেক্ষেত্রে Number অধিক গ্রহণ যোগ্য।

➤ যদি number এর ongoing or continous form জানতে চাওয়া হয়, তখন সেক্ষেত্রে numbering গ্রহণযোগ্য। প্রদত্ত প্রশ্নে parts of speech এর interchange এর ভিত্তিতে যেহেতু number এর verb form জানতে চাওয়া হয়েছে, তাই অধিক গ্রহণ যোগ্য উত্তর হিসেবে number উত্তর রাখা হয়েছে।

94. Never do anything that is not compatible _____ public safety.

(ক) being (খ) for
(গ) with (ঘ) of

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Compatible (with) - ধারণা, যুক্তি, নীতি ইত্যাদি প্রসঙ্গে (সুসঙ্গত; উপযুক্ত)

95. Synonym of the word 'adversity' is _____.

(ক) prosperity (খ) calamity
(গ) advancement (ঘ) addition

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Adversity (noun): বিপদ; দুর্দশা; প্রতিকূলতা।
Calamity (calamity) - দুর্যোগ; মহাবিপর্যয়।

96. 'Over the moon' means-

(ক) higher social status (খ) risk
(গ) happy (ঘ) over excitement

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Over the moon (Idiom- phrase). ⇨ (To be very pleased; experiencing or marked by overwhelming usually pleasurable emotion.)অত্যন্ত সন্তুষ্ট এবং খুশি।

97. At last she _____ down.

(ক) steps (খ) steping
(গ) stepped (ঘ) steped

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
যখন বাক্যে অতীতকাল বোঝানো হয়, তখন verb-এর past form (V_2) ব্যবহৃত হয়।

98. Last week I _____ that book you wanted in a bookshop.

(ক) came up (খ) came across
(গ) came into (ঘ) came by

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Come across: হঠাৎ করে কিছু পাওয়া।
প্রশ্নে বলা হয়েছে "that book you wanted in a bookshop" — অর্থাৎ, দোকানে হঠাৎ করে বইটি পাওয়া গিয়েছিল। তাই এখানে "came across"-ই যথোপযুক্ত।

99. My boss was good enough to _____ my mistake.

(ক) oversee (খ) overtake
(গ) overdo (ঘ) over look

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: Overlook অর্থ - উপেক্ষা করা বা মাফ করে দেওয়া।
My boss was good enough to overlook my mistake.
- "আমার বস এত ভাল ছিলেন যে তিনি আমার ভুলটি উপেক্ষা করেছিলেন। তাই এখানে overlook সবচেয়ে উপযুক্ত।

100. If anybody wants to talk to me, tell _____ call back later.

(ক) them (খ) her
(গ) me (ঘ) him

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:

BCS PIONEER

➤সাধারণত কোন বাক্যের মধ্যে anybody, somebody, everybody থাকলে subject case হিসেবে 'they' ব্যবহৃত হয়।

➤ এখানে objective case হিসেবে 'them' বসবে।

BCS PIONEER

বিষয়/টপিক: রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ে-এর উপসহকারী প্রকৌশলী: ২৮-০৬-২০২৫ ইং

মোট প্রশ্ন: 62 টি

1. 'হে বঙ্গ, ভান্ডারে তব বিবিধ রতন'-এর পরের লাইন কী?

(ক) পরধন লোভে মত্ত, করিনু ভ্রমণ

(খ) তা সবে, (অবোধ আমি) অবহেলা করি

(গ) অনিদ্রায় অনাহারে, সঁপি কায়, মন

(ঘ) পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
বাংলা সাহিত্যে সনেট রচনার প্রবর্তক মাইকেল মধুসূদন দত্তের প্রথম সনেট কবিতা 'বঙ্গভাষা'; এর প্রথম দুটি চরণ-

"হে বঙ্গ ভাণ্ডারে তব বিবিধ রতন/
তা সবে,(অবোধ আমি) অবহেলা করি।"

- সনেট হলো চৌদ্দ চরণবিশিষ্ট চৌদ্দ অক্ষর বা মাত্রায় রচিত কবিতা।
- এর প্রথম আট চরণকে 'অষ্টক' এবং শেষের ছয় চরণকে 'ষষ্টক' বলে।
- ইতালীয় কবি পেত্রার্ক এর জনক।
- মধুসূদন দত্ত রচিত আরেকটি বিখ্যাত সনেট 'কপোতাক্ষ নদ'।

2. উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি?

(ক) পাহারাদার (খ) বিনম্র

(গ) বাড়িওয়ালা (ঘ) গোলাপ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
বাংলা ভাষার যেসব অব্যয়সূচক শব্দাংশ স্বাধীন পদরূপে বাক্যে ব্যবহৃত হতে পারে না কিন্তু শব্দের আগে বসে নতুন শব্দ গঠন করে তাকে উপসর্গ বলে।

- *'বিনম্র'* শব্দটি তৎসম উপসর্গ 'বি' যোগে গঠিত হয়েছে।
- উল্লেখ্য সু, বি, নি, আ এই চারটি উপসর্গ বাংলা ও তৎসম উপসর্গ হিসেবে ব্যবহৃত হয়।

3. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কোন পত্রিকা সম্পাদনা করেন?

(ক) সবুজপত্র (খ) বঙ্গদর্শন

(গ) ভারতীয় (ঘ) তত্ত্ববোধিনী

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
বাংলা উপন্যাসের জনক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সম্পাদনায় ১৮৭২ সালে মাসিক 'বঙ্গদর্শন' পত্রিকা প্রকাশিত হয়।
- এ পত্রিকার মাধ্যমে বাংলা গদ্যের প্রভূত উন্নতি সাধনের লক্ষ্যে বঙ্কিমচন্দ্র একটি শক্তিশালী লেখকগোষ্ঠী গড়ে তুলেছিলেন।
- অন্যদিকে, সবুজপত্র (১৯১৪)- প্রমথ চৌধুরী,
- ভারতী (১৮৭৭)- দ্বিজেন্দ্রনাথ ঠাকুর এবং
- তত্ত্ববোধিনী (১৮৪৩)- অক্ষয়কুমার দত্ত সম্পাদিত পত্রিকা।

4. The number of students seeking admission _____.

(ক) has increased (খ) are increased

(গ) have increased (ঘ) have been increased

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
The number of দ্বারা subject শুরু হলে পরবর্তী verb-টি singular হয়। অর্থাৎ এখানে has increased.

5. The idiom 'an apple of discord' means-

(ক) a sweet apple (খ) a bitter apple

(গ) an object of quarrel (ঘ) an unexpected gift

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
'Apple of discord' idiom-টির অর্থ বিবাদের বিষয়, অর্থাৎ an object of quarrel.

6. 'চাকা' নাটকের রচয়িতা কে?

(ক) সেলিম আল দীন (খ) আলাউদ্দিন আল আজাদ

(গ) মমতাজ উদ্দীন আহমদ (ঘ) মামুনুর রশীদ

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
বাংলা নাট্যসাহিত্যের অন্যতম রূপকার *সেলিম আল দীন* রচিত *'চাকা'* (১৯৯১) একটি কথানাট্য।

BCS PIONEER

- নাটক থেকে ১৯৯৪ সালে চলচ্চিত্র নির্মিত হয়।

- তার কয়েকটি উল্লেখযোগ্য নাটক হলো- ঘুম নেই, জন্ডিস ও বিবিধ বেলুন, কেরামতমঙ্গল, মুনতাসীর ফ্যান্টাসি, কিত্তনখোলা, হাতহদাই, হরগজ, যৈবতী কন্যার নাম, নিমজ্জন, বনপাংশুল প্রভৃতি।

7. Choose the correct option: "Telling lies _____ a great sin.'

(ক) is (খ) are

(গ) were (ঘ) have been

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
Telling lies একটি gerund phrase (verb + ing) যা সবসময় singular subject-এর কাজ করে। আবার প্রদত্ত sentence-টি universal truth অর্থাৎ চিরন্তন সত্য হওয়ায় এখানে present indefinite tense হবে।
তাই সঠিক উত্তর is.

8. What is the synonym of 'Benevolent'?

(ক) Cruel (খ) Kind

(গ) Selfish (ঘ) Arrogant

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
'Benevolent' শব্দের অর্থ দয়ালু, মহানুভব। এর synonym হিসেবে অপশনে প্রদত্ত শব্দসমূহের মধ্যে সঠিক kind অর্থ দয়ালু।
অন্যদিকে,

- cruel- নিষ্ঠুর,
- selfish– স্বার্থপর,
- arrogant- অহংকারী, উদ্ধত।

9. Identify the imperative sentence:

(ক) What a wonderful picture it is!

(খ) Get some cold water from the fridge.

(গ) May Allah bless you.

(ঘ) They bought some utensils from the shop

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
যে সকল sentence দ্বারা আদেশ, নির্দেশ, নিষেধ, অনুরোধ প্রভৃতি প্রকাশ করা হয় তাদের imperative sentence বলে।
- উল্লেখ্য, imperative sentence মূলত verb দ্বারা শুরু হয়।

10. Identify the appropriate preposition: It has been raining ____ three days.

(ক) from (খ) since

(গ) for (ঘ) on

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Present perfect continuous tense-এর period of time (কোনো কাজ কতক্ষণ ধরে চলছে) বোঝাতে এখানে for ব্যবহৃত হবে।
- অন্যদিকে since ব্যবহৃত হয় point of time (কোনো কাজ কখন শুরু হয়েছে) তা নির্দিষ্ট করতে।

11. নিচের কোনটি 'নন্দিত' শব্দের বিপরীত শব্দ?

(ক) অনিন্দ্য (খ) বন্দিত

(গ) নিন্দিত (ঘ) নির্থিত

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: 'নন্দিত' শব্দের বিপরীত শব্দ 'নিন্দিত'।
আরও কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ:

- নশ্বর- অবিনশ্বর,
- নিরত-বিরত,
- নিরাকার- সাকার,
- নৈসর্গিক- কৃত্রিম ইত্যাদি।

12. কাজী নজরুল ইসলামের 'নারী' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ক) অগ্নিবীণা (খ) ভাঙার গান

(গ) সাম্যবাদী (ঘ) দোলনচাঁপা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ 'নারী' কবিতাটি কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' (১৯২৫) কাব্যগ্রন্থের অন্তর্গত।

□ এই কবিতার বিখ্যাত দুটি চরণ- 'বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর/ অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর'।

□ 'সাম্যবাদী' কাব্যের আরও কয়েকটি বিখ্যাত কবিতা হলো- মানুষ, কুলি মজুর, সাম্যবাদী, ঈশ্বর ইত্যাদি।

□ 'অগ্নিবীণা' (১৯২২) নজরুলের প্রথম কাব্যগ্রন্থ এবং 'দোলনচাঁপা' (১৯২৩) প্রেমের কাব্য।

BCS PIONEER

13. Choose the correct option : 'I came home after the rain _____ '

(ক) stopped
(খ) stops
(গ) has stopped
(ঘ) had stopped

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: □ After-যুক্ত বাক্যে দুটি Clause-এর ক্ষেত্রে Tense-এর একটি সুনির্দিষ্ট নিয়ম রয়েছে।

□ নিয়মটি হলো: Past Indefinite + after + Past Perfect।

□ অর্থাৎ after-এর আগের অংশ Past Indefinite হলে পরের অংশ Past Perfect (had + V3) হয়।

□ এখানে I came home অংশটি Past Indefinite, তাই পরের অংশ had stopped হবে।

14. 'হে বঙ্গ, ভাণ্ডারে তব বিবিধ রতন'-এর পরের লাইন কী?

(ক) পরধন লোভে মত্ত, করিনু ভ্রমণ
(খ) অনিদ্রায় অনাহারে, সঁপি কায়, মন
(গ) তা সবে, (অবোধ আমি) অবহেলা করি
(ঘ) পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ 'হে বঙ্গ, ভাণ্ডারে তব বিবিধ রতন'— এটি মাইকেল মধুসূদন দত্তের বিখ্যাত সনেট 'বঙ্গভাষা'-এর প্রথম লাইন।

□ এর পরের লাইনটি হলো- 'তা সবে, (অবোধ আমি) অবহেলা করি'।

□ সনেট বা চতুর্দশপদী কবিতায় ১৪টি চরণ থাকে। এর প্রথম ৮ চরণকে 'অষ্টক' এবং শেষের ৬ চরণকে 'ষট্ক' বলা হয়।

□ 'কপোতাক্ষ নদ' কবির রচিত আরেকটি বিখ্যাত সনেট।

15. Which one is plural?

(ক) Actress
(খ) News
(গ) Princes
(ঘ) Princess

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ প্রদত্ত অপশনগুলোর মধ্যে Princes (রাজপুত্রগণ) হলো Prince (রাজপুত্র)-এর Plural form।

□ Princess (রাজকন্যা) হলো Prince-এর feminine gender, এটি Singular।

□ Actress (অভিনেত্রী) হলো Actor-এর feminine gender, এটিও Singular।

□ News (সংবাদ) দেখতে Plural মনে হলেও এটি সবসময় Singular হিসেবে ব্যবহৃত হয়।

16. 'জাহান্নম হইতে বিদায়' শওকত ওসমান রচিত একটি_____

(ক) ছোটগল্প
(খ) উপন্যাস
(গ) নাটক
(ঘ) প্রবন্ধ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ 'জাহান্নম হইতে বিদায়' (১৯৭১) শওকত ওসমান রচিত একটি বিখ্যাত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস।

□ উপন্যাসের প্রধান চরিত্র হলো গাজী রহমান, যিনি মূলত লেখকেরই প্রতিচ্ছবি।

□ শওকত ওসমান রচিত মুক্তিযুদ্ধভিত্তিক অন্যান্য উপন্যাস হলো— দুই সৈনিক, নেকড়ে অরণ্য, জলাঙ্গী ইত্যাদি।

□ তার রচিত সবচেয়ে বিখ্যাত উপন্যাস 'ক্রীতদাসের হাসি' (১৯৬২)।

17. আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা_____

(ক) চট্টগ্রাম
(খ) বরিশাল
(গ) রাঙ্গামাটি
(ঘ) ময়মনসিংহ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা হলো রাঙ্গামাটি।

□ কাপ্তাই লেকের সৌন্দর্য বিধৌত এবং ভারত ও মিয়ানমারের সাথে সংযোগকৃত এ জেলার আয়তন ৬,১১৬.১৩ বর্গ কিলোমিটার।

□ আয়তনে বাংলাদেশের সবচেয়ে ছোট জেলা হলো নারায়ণগঞ্জ।

□ জনসংখ্যার দিক থেকে বাংলাদেশের বৃহত্তম জেলা ঢাকা এবং ক্ষুদ্রতম জেলা বান্দরবান।

18. 'বনফুল' কার ছদ্মনাম?

(ক) প্রমথ চৌধুরী
(খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
(গ) বলাইচাঁদ মুখোপাধ্যায়
(ঘ) মোহিতলাল মজুমদার

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ বিখ্যাত কথাসাহিত্যিক বলাইচাঁদ মুখোপাধ্যায়-এর সাহিত্যিক ছদ্মনাম হলো 'বনফুল'।

□ প্রমথ চৌধুরীর ছদ্মনাম 'বীরবল'।

BCS PIONEER

□ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ছদ্মনাম 'কমলাকান্ত'।

□ মোহিতলাল মজুমদারের ছদ্মনাম 'সত্যসুন্দর দাস' বা 'কৃত্তিবাস ওঝা'।

19. উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি?

(ক) পাহারাদার
(খ) বিনম্র
(গ) বাড়িওয়ালা
(ঘ) গোলাপ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ বাংলা ভাষায় যেসব অব্যয়সূচক শব্দাংশ স্বাধীন পদরূপে বাক্যে ব্যবহৃত হতে পারে না কিন্তু শব্দের আগে বসে নতুন শব্দ গঠন করে তাকে উপসর্গ বলে।

□ 'বিনম্র' শব্দটি তৎসম উপসর্গ 'বি' যোগে গঠিত হয়েছে (বি + নম্র = বিনম্র)।

□ 'সু, বি, নি, আ' এই ৪টি উপসর্গ বাংলা ও তৎসম উভয় উপসর্গে রয়েছে।

□ পাহারাদার এবং বাড়িওয়ালা শব্দে প্রত্যয় বা অনুসর্গ যুক্ত হয়েছে।

20. Identify the right option : 'If he _____, she will not go'

(ক) will come
(খ) came
(গ) comes
(ঘ) may come

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ এটি Conditional Sentence-এর একটি নিয়ম।

□ First Conditional-এর নিয়ম অনুযায়ী: If + Present Indefinite + Future Indefinite।

□ বাক্যের দ্বিতীয় অংশ 'she will not go' (Future Indefinite)-এ আছে, তাই প্রথম অংশ Present Indefinite হবে।

□ Subject 'he' Third Person Singular Number হওয়ায় verb-এর সাথে s/es যুক্ত হয়ে comes হবে।

21. মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য কয়জনকে সর্বোচ্চ সম্মানসূচক খেতাব 'বীরশ্রেষ্ঠ' প্রদান করা হয়?

(ক) ৯ জন
(খ) ৭ জন
(গ) ৮ জন
(ঘ) ১০ জন

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ ১৫ ডিসেম্বর ১৯৭৩ সরকারি গেজেট নোটিফিকেশনের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্তিযোদ্ধাদের খেতাব প্রদান করেন।

□ মুক্তিযুদ্ধে সর্বোচ্চ ত্যাগের জন্য ৭ জনকে সর্বোচ্চ সম্মানসূচক খেতাব 'বীরশ্রেষ্ঠ' প্রদান করা হয়।

□ বীরত্বসূচক অন্যান্য খেতাব: বীর উত্তম (৬৮ জন), বীর বিক্রম (১৭৫ জন), বীর প্রতীক (৪২৬ জন)।

□ সর্বমোট খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার সংখ্যা ৬৭৬ জন।

22. 'In black and white' means_____

(ক) in writing
(খ) verbally
(গ) black and white colours
(ঘ) false

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: □ 'In black and white' একটি বহুল ব্যবহৃত Idiom।

□ এর অর্থ হলো লিখিতভাবে বা লিখিত আকারে।

□ ইংরেজিতে এর অর্থ in writing।

□ যেমন: I want your statement in black and white. (আমি তোমার বক্তব্য লিখিতভাবে চাই)।

23. 'রাজপথের' ব্যাসবাক্য_____

(ক) রাজার পথ
(খ) পথের রাজা
(গ) যেই পথ সেই রাজা
(ঘ) বিশাল পথ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ 'রাজপথ' শব্দটি ষষ্ঠী তৎপুরুষ সমাসের উদাহরণ।

□ পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র, এর) লোপ পেয়ে যে সমাস হয়, তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে।

□ 'রাজপথ'-এর সঠিক ব্যাসবাক্য হলো 'পথের রাজা'।

□ আরও কিছু উদাহরণ: রাজার পুত্র = রাজপুত্র, দেশের সেবা = দেশসেবা, ঘোড়ার দৌড় = ঘোড়দৌড় ইত্যাদি।

24. কোনটি দেশি শব্দ?

(ক) গিন্নি
(খ) ডাক্তারখানা
(গ) হাত
(ঘ) কুড়ি

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: □ বাংলাদেশের আদি অধিবাসীদের ভাষা থেকে যেসব শব্দ

BCS PIONEER

বাংলা ভাষায় এসেছে, সেগুলোকে দেশি শব্দ বলে।

□ দেশি শব্দের উদাহরণ: কুড়ি, হাঁড়ি, ঢেঁকি, কুলা, লাউ, ডাব, আলু, মুড়ি, মই, গঞ্জ, চুলা, টোপর ইত্যাদি।

□ 'গিন্নি' হলো অর্ধ-তৎসম শব্দ (গৃহিণী > গিন্নি)।

□ 'হাত' হলো তদ্ভব শব্দ (হস্ত > হত্থ > হাত)।

□ 'ডাক্তারখানা' হলো মিশ্র শব্দ (ইংরেজি + ফারসি)।

25. 'দ্যুলোক' কোন শব্দের প্রতিশব্দ?

(ক) মেঘ
(খ) সমুদ্র
(গ) আকাশ
(ঘ) বাতাস

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ 'দ্যুলোক' শব্দটি 'আকাশ'-এর প্রতিশব্দ।

□ 'আকাশ'-এর আরও কিছু সমার্থক শব্দ: অম্বর, ব্যোম, গগন, নভঃ, অন্তরীক্ষ, অভ্র, নভোমণ্ডল, শূন্য ইত্যাদি।

□ মেঘ-এর প্রতিশব্দ: জলদ, জীমূত, অম্বুদ, নীরদ।

□ সমুদ্র-এর প্রতিশব্দ: সিন্ধু, অর্ণব, জলধি, বারিধি।

□ বাতাস-এর প্রতিশব্দ: অনিল, পবন, হাওয়া, সমীরণ।

26. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কোন পত্রিকা সম্পাদনা করেন?

(ক) সবুজপত্র
(খ) বঙ্গদর্শন
(গ) ভারতী
(ঘ) তত্ত্ববোধিনী

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ বাংলা উপন্যাসের জনক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় 'বঙ্গদর্শন' পত্রিকা সম্পাদনা করেন। এটি ১৮৭২ সালে প্রকাশিত হয়।

□ এ পত্রিকার মাধ্যমে বাংলা গদ্যের প্রভূত উন্নতি সাধনের লক্ষ্যে বঙ্কিমচন্দ্র একটি শক্তিশালী লেখকগোষ্ঠী গড়ে তুলেছিলেন।

□ 'সবুজপত্র' (১৯১৪) সম্পাদনা করেন প্রমথ চৌধুরী।

□ 'ভারতী' (১৮৭৭) সম্পাদনা করেন দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।

□ 'তত্ত্ববোধিনী' (১৮৪৩) সম্পাদনা করেন অক্ষয়কুমার দত্ত।

27. আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?

(ক) টোকিও
(খ) বাংলাদেশ
(গ) ম্যানিলা
(ঘ) ভারত

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (IRRI)-এর সদর দপ্তর ফিলিপাইনের লাগোনা প্রদেশের লস বানাস শহরে অবস্থিত।

□ তবে যোগাযোগের জন্য সংস্থাটি ম্যানিলাকে ঠিকানা হিসেবে ব্যবহার করে।

□ সংস্থাটি ১৯৬০ সালে প্রতিষ্ঠিত হয়।

□ বাংলাদেশে 'বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI)' গাজীপুরের জয়দেবপুরে অবস্থিত।

28. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন দেশের নাগরিক?

(ক) দক্ষিণ কোরিয়া
(খ) পর্তুগাল
(গ) সেনেগাল
(ঘ) চীন

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ জাতিসংঘের নবম ও বর্তমান মহাসচিব হলেন অ্যান্টোনিও গুতেরেস।

□ তিনি পর্তুগালের নাগরিক এবং দেশটির সাবেক প্রধানমন্ত্রী ছিলেন।

□ তিনি ১ জানুয়ারি ২০১৭ থেকে এই দায়িত্ব পালন করছেন।

□ জাতিসংঘের অষ্টম মহাসচিব ছিলেন বান কি মুন, যিনি দক্ষিণ কোরিয়ার নাগরিক।

29. 'তামার বিষ' বাগধারার অর্থ কী?

(ক) কঠিন বিপদ
(খ) অর্থের কুপ্রভাব
(গ) অন্তর জ্বালা
(ঘ) চিরশত্রু

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ 'তামার বিষ' বাগধারার সঠিক অর্থ হলো 'অর্থের কুপ্রভাব'।

□ বাক্য রচনা: হঠাৎ বড়লোক হয়ে ওর মাথায় তামার বিষ ঢুকেছে, তাই কাউকে পাত্তা দেয় না।

□ আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা: তালকানা (কাণ্ডজ্ঞানহীন), তাসের ঘর (ক্ষণস্থায়ী), তীর্থের কাক (সুযোগসন্ধানী), তুলসী বনের বাঘ (ভণ্ড)।

30. Which spelling is correct?

(ক) commission
(খ) comision
(গ) comission
(ঘ) commision

BCS PIONEER

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: □ সঠিক বানানটি হলো commission।

□ এখানে double 'm' এবং double 's' রয়েছে (c-o-m-m-i-s-s-i-o-n)।

□ Commission অর্থ হলো কমিশন, কর্মভার, কোনো তদন্ত বা কাজের জন্য নিযুক্ত ব্যক্তিবর্গ।

31. ইউরোপীয় ইউনিয়নের সদস্য সংখ্যা কত?

(ক) ২৫ (খ) ২৬
(গ) ২৭ (ঘ) ২৮

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ রোম চুক্তির মাধ্যমে ১ জানুয়ারি ১৯৫৮ সালে প্রতিষ্ঠিত ইউরোপীয় ইউনিয়নের (EU) বর্তমান সদস্য ২৭টি দেশ।

□ ৩১ জানুয়ারি ২০২০ যুক্তরাজ্য (ব্রিটেন) আনুষ্ঠানিকভাবে EU থেকে বেরিয়ে যায় (ব্রেক্সিট কার্যকর)। এর পূর্বে সদস্য ছিল ২৮টি।

□ ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত।

□ সংস্থাটির অফিসিয়াল ভাষা ২৪টি।

32. What kind of noun is 'army'?

(ক) Proper (খ) Common
(গ) Collective (ঘ) Material

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ এক জাতীয় ব্যক্তি, বস্তু বা প্রাণীর অবিভক্ত সমষ্টিকে Collective Noun (সমষ্টিবাচক বিশেষ্য) বলে।

□ Army (সেনাবাহিনী) বলতে অনেক সেনার একটি সমষ্টিকে বোঝায়।

□ Collective noun-এর আরও কিছু উদাহরণ: team, family, bank, jury, group, committee, cattle ইত্যাদি।

33. 'চর্যাপদে' সবচেয়ে বেশি সংখ্যক পদ রয়েছে কোন কবির?

(ক) লুইপা (খ) কাহ্নপা
(গ) ভুসুকুপা (ঘ) কুক্কুরীপা

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন 'চর্যাপদে' সবচেয়ে বেশি পদ রচনা করেন কাহ্নপা।

□ তিনি মোট ১৩টি পদ রচনা করেন (যার মধ্যে ২৪নং পদটি পাওয়া যায়নি)।

□ লুইপা চর্যাপদের আদি বা প্রথম পদকর্তা, তিনি ২টি পদ রচনা করেন।

□ ভুসুকুপা ৮টি এবং কুক্কুরীপা (যাঁকে মহিলা কবি মনে করা হয়) ৩টি পদ রচনা করেন।

34. Select the correct sentence :

(ক) The child has been born yesterday.
(খ) The child had been born yesterday.
(গ) The child took birth yesterday.
(ঘ) The child was born yesterday.

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: □ বাক্যে 'yesterday', 'ago', 'last year' ইত্যাদি অতীত নির্দেশক শব্দ থাকলে সেটি Past Indefinite Tense হয়।

□ 'Born' (জন্মগ্রহণ করা) শব্দটি সবসময় Passive voice-এ Past tense-এ ব্যবহৃত হয়।

□ তাই সঠিক বাক্যটি হবে: The child was born yesterday।

35. The number of students seeking admission _____ .

(ক) has increased (খ) have increased
(গ) are increased (ঘ) have been increased

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: □ Subject-verb agreement-এর নিয়ম অনুযায়ী বাক্যের subject যদি 'The number of' দিয়ে শুরু হয়, তবে এর পরবর্তী verb-টি Singular হয়।

□ কিন্তু যদি 'A number of' থাকে, তবে verb-টি Plural হয়।

□ এখানে subject 'The number of' থাকায় singular verb হিসেবে has increased বসবে।

36. 'He came late.' Here 'late' is a/an_____

(ক) adjective (খ) adverb
(গ) verb (ঘ) noun

BCS PIONEER

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ▯ যে শব্দ Noun বা Pronoun ব্যতীত Adjective, Verb বা অন্য কোনো Adverb-কে modify করে, তাকে Adverb বলে।

▯ প্রদত্ত বাক্যে 'He came late' (সে দেরিতে এসেছিল) - এখানে 'late' শব্দটি 'came' (verb)-কে modify করছে (কখন এসেছিল? দেরিতে)।

▯ তাই এখানে 'late' একটি adverb।

37. BIMSTEC-এর বর্তমান চেয়ারম্যান কে?

(ক) শাহবাজ শরীফ
(খ) ড. মুহাম্মদ ইউনূস
(গ) নরেন্দ্র মোদি
(ঘ) পি. শর্মা অলি

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ▯ BIMSTEC-এর পূর্ণরূপ– Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation।

▯ এটি বঙ্গোপসাগর তীরবর্তী ৭টি দেশ (বাংলাদেশ, ভারত, মিয়ানমার, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা, থাইল্যান্ড) নিয়ে গঠিত জোট।

▯ সংস্থাটির বর্তমান সভাপতি হলো বাংলাদেশ এবং সেই সুবাদে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এর বর্তমান চেয়ারম্যান।

38. Happiness consists _____ contentment.

(ক) in
(খ) of
(গ) with
(ঘ) for

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: ▯ Consist-এর পর preposition হিসেবে in এবং of বসতে পারে তবে অর্থের ভিন্নতা রয়েছে।

▯ Consist of অর্থ গঠিত হওয়া (যেমন: Water consists of hydrogen and oxygen)।

▯ Consist in অর্থ নিহিত থাকা বা অন্তর্নিহিত থাকা।

▯ 'সুখ তৃপ্তির মাঝে নিহিত' বোঝাতে এখানে consist in বসবে।

39. Indentify the correct article : 'Thana plays _____ violin.'

(ক) a
(খ) the
(গ) an
(ঘ) no article needed

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ▯ বাদ্যযন্ত্র বাজানো বোঝালে সেই বাদ্যযন্ত্রের নামের পূর্বে article হিসেবে the বসে।

▯ যেমন: She plays the piano.

▯ তবে যদি বাদ্যযন্ত্র বাজানো না বুঝিয়ে থাকা বোঝায়, তবে a/an বসে (I bought a piano)।

▯ এখানে violin বাজানো বোঝাচ্ছে তাই the বসবে।

40. The idiom 'an apple of discord' means_____

(ক) a sweet apple
(খ) a bitter apple
(গ) an object of quarrel
(ঘ) an unexpected gift

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: ▯ 'An apple of discord' একটি বিখ্যাত Idiom।

▯ এর অর্থ হলো বিবাদের বিষয় বা ঝগড়ার মূল কারণ।

▯ ইংরেজিতে এর অর্থ an object of quarrel বা a subject of dispute.

▯ এর সমার্থক আরেকটি Idiom হলো 'a bone of contention'।

41. Choose the correct passive form : 'We called him a fool.'

(ক) He had been called a fool by us.
(খ) He was called a fool by us.
(গ) He is called a fool by us.
(ঘ) A fool was called him by us.

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ▯ প্রদত্ত বাক্যটি Past Indefinite Tense-এ আছে এবং এতে একটি factitive object ('a fool') আছে।

▯ Factitive object যুক্ত active voice-কে passive করার নিয়ম: object-এর subject (He) + was/were + V3 (called) + factitive object (a fool) + by + subject-এর object (us)।

▯ তাই সঠিক উত্তর: He was called a fool by us.

42. Choose the right option : 'He is _____ honest man.'

BCS PIONEER

(ক) a (খ) an

(গ) the (ঘ) none of the above

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ Word-এর শুরুতে h (consonant) থাকলেও যদি তার উচ্চারণ 'হ'-এর মতো না হয়ে 'অ' বা 'আ' (vowel)-এর মতো হয়, তবে তার পূর্বে an বসে।

□ এখানে honest-এর উচ্চারণ 'অনেস্ট' (অ-এর মতো) হওয়ায় এর পূর্বে an বসবে।

□ একই নিয়মে: an hour, an heir, an honor ইত্যাদি।

43. 'চাকা' নাটকের রচয়িতা কে?

(ক) সেলিম আল দীন (খ) আলাউদ্দিন আল আজাদ

(গ) মমতাজ উদ্দীন আহমদ (ঘ) মামুনুর রশীদ

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: □ বাংলা নাট্যসাহিত্যের অন্যতম রূপকার সেলিম আল দীন রচিত একটি বিখ্যাত কথানাট্য হলো 'চাকা' (১৯৯১)।

□ এই নাটক থেকে ১৯৯৪ সালে চলচ্চিত্রও নির্মিত হয়।

□ সেলিম আল দীনের আরও কয়েকটি উল্লেখযোগ্য নাটক হলো— ঘুম নেই, জন্ডিস ও বিবিধ বেলুন, কেরামত মঙ্গল, মুনতাসীর ফ্যান্টাসি, কিত্তনখোলা, হাতহদাই, হরগজ ইত্যাদি।

44. বাংলাদেশের রাষ্ট্রপতি শাসিত সরকারের পরিবর্তে সংসদীয় শাসন ব্যবস্থা চালু হয় সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে?

(ক) ১০ (খ) ১১

(গ) ১২ (ঘ) ১৩

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ বাংলাদেশে সংসদীয় শাসনব্যবস্থার পরিবর্তে রাষ্ট্রপতি শাসিত সরকারব্যবস্থা প্রবর্তিত হয় চতুর্থ সংশোধনীর (১৯৭৫) মাধ্যমে।

□ ১৯৯১ সালে গণভোটের মাধ্যমে দ্বাদশ (১২তম) সংশোধনীর দ্বারা পুনরায় রাষ্ট্রপতি শাসিত সরকারের পরিবর্তে সংসদীয় শাসনব্যবস্থা চালু হয়।

□ এই সংশোধনী ৬ আগস্ট ১৯৯১ সালে জাতীয় সংসদে পাস হয়।

45. কোন বানানটি শুদ্ধ?

(ক) দন্দ (খ) দ্বন্দ

(গ) দ্বন্দ (ঘ) দ্বন্দ্ব

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: □ শুদ্ধ বানানটি হলো 'দ্বন্দ্ব' (দ-এ ব-ফলা, ন-এ দ-এ ব-ফলা)।

□ এর অর্থ সংঘাত, বিরোধ বা ঝগড়া।

□ আরও কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান: দারিদ্র্য, ঈর্ষা, দুর্নীতি, দুর্বিষহ, দুরাকাঙ্ক্ষা, দুরবস্থা, দৌরাত্ম্য, দয়ার্দ্র ইত্যাদি।

46. 'সদা সত্য কথা বলবে' -এটি কোন ধরনের বাক্য?

(ক) বিবৃতিমূলক (খ) প্রশ্নসূচক

(গ) অনুজ্ঞাসূচক (ঘ) প্রার্থনাসূচক

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ যে বাক্যে আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ ইত্যাদি অর্থ প্রকাশ পায়, তাকে অনুজ্ঞাসূচক বাক্য (Imperative Sentence) বলে।

□ 'সদা সত্য কথা বলবে' বাক্যে উপদেশ অর্থে ভবিষ্যৎ কালের অনুজ্ঞা ব্যবহৃত হয়েছে।

□ অনুজ্ঞাসূচক বাক্যের আরও উদাহরণ: মন দিয়ে পড়াশোনা করো, গুরুজনকে শ্রদ্ধা করো, কদাপি মিথ্যা বলিও না।

47. জসীমউদ্দীন রচিত গাথাকাব্য কোনটি?

(ক) চলে মুসাফির (খ) হাসু

(গ) ডালিম কুমার (ঘ) সোজন বাদিয়ার ঘাট

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: □ পল্লিকবি জসীমউদ্দীন রচিত একটি বিখ্যাত গাথাকাব্য 'সোজন বাদিয়ার ঘাট' (১৯৩৩)।

□ মুসলমান চাষীর ছেলে সোজন ও নমঃশূদ্র কন্যা দুলীর অমর প্রেম এবং সাম্প্রদায়িক সমস্যা এই কাব্যের উপজীব্য।

□ ইউনেস্কোর উদ্যোগে 'Gypsy Wharf' (১৯৬৯) নামে এর ইংরেজি অনুবাদ প্রকাশিত হয়।

□ 'নক্সী কাঁথার মাঠ' (১৯২৯) তার রচিত শ্রেষ্ঠ কাহিনীকাব্য বা গাথাকাব্য।

48. Choose the correct option : 'Telling lies _____ a great sin.'

(ক) is (খ) are

(গ) were (ঘ) have been

BCS PIONEER

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: □ 'Telling lies' একটি Gerund Phrase (verb + ing দিয়ে শুরু হওয়া subject)।

□ Gerund বা Gerund Phrase বাক্যের subject হিসেবে বসলে এর পরবর্তী verb সর্বদা Singular হয়।

□ এছাড়া 'মিথ্যা বলা মহাপাপ' এটি একটি universal truth (চিরন্তন সত্য) হওয়ায় Present Indefinite tense হবে।

□ তাই সঠিক উত্তর is।

49. বাংলাদেশ সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জন করে কোন দেশ থেকে?

(ক) জাপান (খ) ফ্রান্স
(গ) যুক্তরাষ্ট্র (ঘ) চীন

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ বাংলাদেশ সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জন বা রপ্তানি করে যুক্তরাষ্ট্রে।

□ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুযায়ী, ২০২৩-২৪ অর্থবছরে (জুলাই-ফেব্রুয়ারি) বাংলাদেশের মোট রপ্তানি আয় ৩৮,৪৫২.১১ মিলিয়ন মার্কিন ডলার।

□ এর মধ্যে সবচেয়ে বেশি রপ্তানি হয় যুক্তরাষ্ট্রে (৬,১০৩.১৮ মিলিয়ন ডলার), যা দেশের মোট রপ্তানির ১৫.৮৭ শতাংশ।

50. নিচের কোনটি 'নিন্দিত' শব্দের বিপরীত শব্দ?

(ক) অনিন্দ্য (খ) বন্দিত
(গ) নিন্দিত (ঘ) নির্ণীত

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ 'নিন্দিত' শব্দের অর্থ হলো যাকে নিন্দা বা ভর্ৎসনা করা হয়েছে।

□ এর বিপরীত শব্দ হলো 'বন্দিত' (যাকে বন্দনা বা প্রশংসা করা হয়েছে)।

□ আরও কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ: নশ্বর- অবিনশ্বর, নিরত- বিরত, নিরাকার- সাকার, নৈসর্গিক- কৃত্রিম, সংশয়- প্রত্যয়।

51. Identify the appropriate preposition : It has been raining _____ three days.

(ক) from (খ) since
(গ) for (ঘ) on

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ Present Perfect Continuous Tense-এ সময়ের ব্যাপ্তি বা Period of Time (কোনো কাজ কতক্ষণ ধরে চলছে) বোঝাতে for ব্যবহৃত হয় (যেমন: for three days, for two hours)।

□ অন্যদিকে, নির্দিষ্ট সময় বা Point of Time (কোনো কাজ কখন শুরু হয়েছে) বোঝাতে since ব্যবহৃত হয় (যেমন: since morning, since Monday)।

□ এখানে three days (তিন দিন ধরে) থাকায় for বসবে।

52. বাংলা স্বরধ্বনি কয়টি?

(ক) ৫ (খ) ৭
(গ) ১০ (ঘ) ১১

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: □ বাংলা বর্ণমালায় মোট বর্ণ ৫০টি। এর মধ্যে স্বরবর্ণ বা স্বরধ্বনি হলো ১১টি।

□ এই ১১টি স্বরধ্বনির মধ্যে পূর্ণমাত্রা বিশিষ্ট বর্ণ ৬টি (অ, আ, ই, ঈ, উ, ঊ)।

□ অর্ধমাত্রার স্বরবর্ণ ১টি (ঋ)।

□ মাত্রাহীন স্বরবর্ণ ৪টি (এ, ঐ, ও, ঔ)।

□ এছাড়া বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি ৭টি (অ, আ, ই, উ, এ, ও, অ্যা)।

53. What is the synonym of 'Benevolent'?

(ক) Cruel (খ) Kind
(গ) Selfish (ঘ) Arrogant

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ 'Benevolent' শব্দের অর্থ দয়ালু, দয়াবান, হিতৈষী বা মহানুভব।

□ অপশনে প্রদত্ত শব্দগুলোর মধ্যে এর সঠিক synonym হলো Kind (দয়ালু)।

□ অন্যান্য শব্দগুলোর অর্থ: Cruel— নিষ্ঠুর, Selfish— স্বার্থপর, Arrogant— অহংকারী বা উদ্ধত।

54. 'Right the wrong.' In this sentence 'right' is a/an_____

BCS PIONEER

(ক) noun
(খ) adjective
(গ) verb
(ঘ) adverb

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: □ প্রদত্ত Sentence-এ 'right' শব্দটি বাক্যের শুরুতে বসে verb (ক্রিয়া) হিসেবে কাজ করেছে।

□ বাক্যটির অর্থ: ভুলটিকে শুদ্ধ করো বা সংশোধন করো।

□ যেহেতু Verb দ্বারা শুরু হয়েছে এবং আদেশ/উপদেশ বোঝাচ্ছে, তাই এটি একটি Imperative sentence।

55. বাংলাদেশে প্রথম মোবাইল ব্যাংকিং শুরু করে_____

(ক) ব্র্যাক ব্যাংক
(খ) ডাচ-বাংলা ব্যাংক
(গ) সোনালী ব্যাংক
(ঘ) এবি ব্যাংক

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে প্রথম মোবাইল ব্যাংকিং শুরু করে ডাচ-বাংলা ব্যাংক (৩১ মার্চ ২০১১)।

□ এর বর্তমান নাম 'রকেট' (Rocket)।

□ মোবাইল ব্যাংকিং সেবায় সবচেয়ে জনপ্রিয় 'বিকাশ' (ব্র্যাক ব্যাংকের সাবসিডিয়ারি) চালু হয় ২১ জুলাই ২০১১ তারিখে।

□ বিশ্বে প্রথম মোবাইল ব্যাংকিং সেবা চালু হয় ১৯৯৭ সালে।

56. জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় কোন সালে?

(ক) ১৯৪৮
(খ) ১৯৪৫
(গ) ১৯৪১
(ঘ) ১৯৪৯

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ বিশ্বশান্তি ও নিরাপত্তা রক্ষার লক্ষ্যে ২৪ অক্টোবর ১৯৪৫ সালে জাতিসংঘ আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হয়।

□ ৫১টি প্রতিষ্ঠাতা সদস্য রাষ্ট্র নিয়ে এর যাত্রা শুরু হয় এবং বর্তমানে এর সদস্য রাষ্ট্র ১৯৩টি।

□ জাতিসংঘের সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থিত।

□ এর ৬টি অফিশিয়াল ভাষা রয়েছে।

57. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে?

(ক) অহমিয়া
(খ) হিন্দি
(গ) সংস্কৃত
(ঘ) বঙ্গকামরূপী

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: □ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, মাগধী প্রাকৃত থেকে বাংলা ভাষার উদ্ভব।

□ তবে ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, গৌড়ী প্রাকৃত বা গৌড়ী অপভ্রংশ থেকে বঙ্গকামরূপী হয়ে বাংলা ভাষার জন্ম হয়েছে।

□ বাংলা ভাষার একটি বিবর্তনের ধারাবাহিকতা হলো: ইন্দো-ইউরোপীয় → শতম → ইন্দো-আর্য → প্রাচীন ভারতীয় আর্যভাষা → গৌড়ী প্রাকৃত → গৌড়ী অপভ্রংশ → বঙ্গকামরূপী → বাংলা।

58. Identify the imperative sentence :

(ক) What a wonderful picture it is!
(খ) Get some cold water from the fridge.
(গ) May Allah bless you.
(ঘ) They bought some utensils from the shop

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: □ যে Sentence দ্বারা আদেশ, নির্দেশ, নিষেধ, অনুরোধ, উপদেশ ইত্যাদি প্রকাশ পায় তাকে Imperative Sentence বলে।

□ Imperative sentence সাধারণত মূল Verb দ্বারা শুরু হয় এবং Subject 'You' উহ্য থাকে।

□ অপশনগুলোর মধ্যে 'Get some cold water from the fridge.' (ফ্রিজ থেকে কিছু ঠাণ্ডা পানি আনো) বাক্যটি আদেশ/অনুরোধ বোঝাচ্ছে, তাই এটি Imperative sentence।

59. Select the correct option : There are _____ parts of speech in English.

(ক) five
(খ) six
(গ) seven
(ঘ) eight

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: □ Sentence-এ ব্যবহৃত প্রত্যেকটি অর্থপূর্ণ শব্দকে Parts of Speech (পদ প্রকরণ) বলে।

□ English Grammar-এ Parts of Speech-কে আটটি (eight) ভাগে ভাগ করা হয়েছে।

□ এগুলো হলো: Noun, Pronoun, Adjective, Verb, Adverb, Preposition, Conjunction এবং Interjection।

60. 'নাতিদীর্ঘ' কোন সমাস?

BCS PIONEER

(ক) উপপদ তৎপুরুষ
(খ) উপমান কর্মধারয়
(গ) উপমিত কর্মধারয়
(ঘ) নঞ তৎপুরুষ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: না-বাচক বা নঞ অব্যয় (না, নেই, নাই, নয়) পদের পূর্বে বসে যে তৎপুরুষ সমাস হয় তাকে নঞ তৎপুরুষ সমাস বলে।

 'নাতিদীর্ঘ'-এর ব্যাসবাক্য হলো 'নয় দীর্ঘ'।

 আরও কিছু উদাহরণ: অনাচার = ন আচার, বেআইনি = নয় আইনি, অক্ষত = ন ক্ষত, গরমিল = নয় মিল ইত্যাদি।

61. কোন সাহিত্যিক এর উপাধি 'সাহিত্য বিশারদ'?

(ক) আবদুল করিম
(খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(গ) মীর মোশাররফ হোসেন
(ঘ) প্রমথ চৌধুরী

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: বাংলা সাহিত্যে অবদানের জন্য এবং প্রাচীন পুঁথি আবিষ্কারের স্বীকৃতিস্বরূপ চট্টগ্রামের আবদুল করিম-কে 'সাহিত্য বিশারদ' উপাধি প্রদান করা হয়।

 নদীয়া সাহিত্যসভা তাকে এই উপাধি প্রদান করে।

 ঈশ্বরচন্দ্রকে 'বিদ্যাসাগর', প্রমথ চৌধুরীকে 'বীরবল' (ছদ্মনাম) এবং বঙ্কিমচন্দ্রকে 'সাহিত্য সম্রাট' বলা হয়।

62. বাংলাদেশের প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্র কোন স্থানে অবস্থিত?

(ক) টেকনাফ
(খ) বেতবুনিয়া
(গ) মহাখালী
(ঘ) কালিয়াকৈর

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: বাংলাদেশের প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্র হলো বেতবুনিয়া ভূ-উপগ্রহ কেন্দ্র।

 এটি রাঙ্গামাটি জেলার কাউখালী উপজেলার বেতবুনিয়া ইউনিয়নে অবস্থিত।

 বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৪ জুন ১৯৭৫ সালে এটি উদ্বোধন করেন।

 বাংলাদেশের দ্বিতীয় ভূ-উপগ্রহ কেন্দ্র হলো তালিবাবাদ (গাজীপুর) এবং তৃতীয় মহাখালী (ঢাকা) ও চতুর্থটি সিলেটে অবস্থিত।

BCS PIONEER